প্রথম প্রকাশ : ১৫ নভেম্বর ১৯৭১

সংবাদ বিচিত্রা
SANGBAD BICHITRA

ONLY OFFICIAL NEWSPAPER OF CAB

প্রকাশনায় : বঙ্গ সংস্কৃতি সংঘ ▪ CULTURAL ASSOCIATION OF BENGAL ▪ NORTH AMERICA

প্র ব ন্ধ

DANCE OF DEMOCRACY–MODI 3.0 WITH A BRAKE

Professor Debanjan Banerjee



I often quote. It gives me immense pleasure. The eternal quotes relate the matter and make everyone understand everything in nut shell.

“Democracy is the government of the people, by the people, for the people.”

And, “Democracy is the worst form of Government except for all those other forms that have been tried from time to time”

The two pillars of international statesmanship quoted these, years ago, none other than Abraham Lincoln and Winston Churchill.

Democracy and the right to franchise the truest synonyms where people the fate makers create his government make his or her own leaders to run the show. The biggest ever democracy of the world our own mother India has completed this gigantic extravaganza starting from 19th of April to 1st June 2024 (7 phases) in the name of Lok Sabha Elections vis-a-vis the General Elections 2024. Indeed, the Dance of Democracy.

543 parliamentary seats across the country plus the legislative assembly elections in the states of Andhra Pradesh, Arunachal Pradesh, Odisha, and Sikkim along with the by-elections for 25 constituencies in 12 legislative assemblies.

More than 968 million people out of a population of 1.4 billion people were eligible to vote, equivalent to 70 percent of the total population. 642 million voters participated in the election and 312 million of them were women, making it the highest ever participation by women voters. This was the largest-ever election, surpassing the earlier election, and lasted 44 days, second only to the 1951-52 Indian general election.

Incumbent prime minister Narendra Damodardas Modi, who completed a second term, ran for a third consecutive term after his Bharatiya Janata Party (BJP) had relished an absolute majority—303 and 282 seats—in the 2019 and 2014 elections.

Like earlier in 2024 also, leading media and research organizations conducted opinion poll three to four months before elections and thereafter the new trendy exit poll after the final phase of elections on 1st June. And, most of them (read leading thirteen such media and research surveyors) predicted for a thumping majority to BJP

(300 – 320 plus) and NDA to 350 plus based on a scientific sample surveys claimed by them in comparison to 28 parties combined I.N.D.I.A alliance led my Indian National Congress.

Euphoric Saffron camp were jubilant, but, from the very beginning of the broadcast of these exit polls the opponents were sharply sceptical about this exit polls and blamed the ruling party and further accused them as a paid one, being most of the Indian media barons have become the lapdog of the BJP and they are no more as watchdog, the new stigma “Godi Media”

The D day on Tuesday, the 4th of June the world has seen the real verdict of the people representing the greatest and the biggest ever democracy of this globe. Yes, opinion polls and exit polls were not on target, but, also can’t say completely wrong. The pragmatic



My memoir, “One Immigrant, A Hundred Stories”. Is now available on Amazon.com under “Books”.
I am not a celebrity. So, why did I write my life story?
Because I sincerely believe that immigrants like us have many interesting stories to share with their families and friends but they rarely do so. The stories die and are forgotten with the passing of the immigrant.
I got the inspiration to write when a close friend died, and his daughter discovered that her father had left a surprise gift for the family -- in the form of an unpublished autobiography. My friend had wanted to share his life story with his children!
Yes, I too have many stories to share with my family and friends. Please read the back cover (shown above) to get an idea. And buy a copy from Amazon if you find the summary interesting. Price is $12.

Author can be reached at Deb5mee572@gmail.com

MATRIMONIAL INVITATION

A matrimonial match is invited from educated girls for a 35 yrs old, 6 ft 2 in tall educated in Canada and USAPGDM from Canada and MS (IT) from NYIT, a software professional working for a reputed bank in Pittsburgh, Pennsylvania, holding a H-1 B Visa Sponsored by father (US Citizen) for Green Card, both sisters are living in NJ & CA Father a retired Indian Army Officer (Colonel).

Please reply at :

Email - adas03112@gmail.com

Indian voters exhibited immense maturity and showed a yellow card to the 1st boy (BJP led by Narendra Modi) of 2014 and 2019, but, on the contrary, kept him as number one with a curtailment of 63 marks (read seats) and finally 240 with a shortage from an absolute majority, the magic figure of 272; though, along with the allied parties NDA reached the magic figure easily with a total number of 293 seats.

The grand old party the main opposition Indian National Congress performed much better along with its important and leading allied partners of I.N.D.I.A alliance like Samajwadi Party led by Akhilesh Yadav, Trinamool Congress led by West Bengal Chief Minister Mamata Banerjee – the firebrand critic of Narendra Modi and DMK, led by M.K. Stalin.

Congress, SP and TMC did pretty well with an increase of 47, 32, 7 seats in comparison to the last elections. Congress finished with just one short of three figures – 99, SP had a huge gain in the cradle of Indian politics namely Uttar Pradesh snatching huge number of seats from Modi-Yogi the so called double engine governments. In fact, the shortage of seats from UP had been one of the crucial factor of BJP for not reaching the magic figure singlehandedly. Significantly, Ram Mandir failed to give any sort of dividend to Saffron whatsoever. Voters becoming more mature, temple – mosque would not suffice anymore – proved blatantly. In West Bengal, the Saffron succumbed to Mamata-Abhishek duo's beneficiary and populous policies and lost 6 seats.

The increase of seats of I.N.D.I.A (Indian National Development Inclusive Alliance/40 party alliance) touching 236, the credit must go to Rahul Gandhi specially his Bharat Joro Jatra, Akhilesh Singh Yadav for his strategy across UP - one of them is seat distribution among different caste, creed and religion, tie up with Congress and convincing people about the credibility and integrity of BJP and

Mayawati. In West Bengal both Mamata and Abhishek Banerjee triumphed over BJP with the beneficiary policy and the deprivation theory of Centre and the voters got convinced.

Despite all these odds, again Narendra Damordas Modi proved himself worth and becomes the prime minister of world's largest democracy for three consecutive terms touching Pandit Jawaharlal Nehru's record and BJP became single largest party, more seats that the 40 party alliance I.N.D.I.A. Truth is stranger than fiction.

Modi 3.0 begins with a bang from 9th June. Though this time situation is a bit different and tricky. Its NDA government, not BJP. The two leading ally JD (U) and TDP led by two veteran politicians Niitish Kumar and Chandrababu Naidu have to be taken into consideration while taking any major decisions. Already they are bargaining important cabinet portfolios along with other allied parties. They too have their regional and vote agendas to fulfil, and, Modi cannot rule it out, the compulsion of continuity.

Meanwhile before elections many promises made, the significant -

All 70-plus senior citizens to be covered under Ayushman scheme,

Free ration scheme to continue for next five years, Ensure clean drinking water, Har Ghar Nal se Jal for all households in villages, towns and cities,

Provide free electricity to poor households under PM Surya Ghar Muft Bijli Yojana,

Introduce more IITs, IIMs, AIIMS and other such institutes, Introduce more IITs, IIMs, AIIMS and other such institutes, three models of Vande Bharat trains are to be run – Vande Bharat sleeper, Vande Bharat chair car, and Vande Bharat metro, New age trains, world class stations, to expand metro network, Implement 'One Nation, One Student ID' through the Automated Permanent Academic Account Registry (APAAR) to store academic qualifications, credit scores and certificates, among others for students from pre-primary to higher education, Make One Nation, One Election a reality, To expand PM Awas Yojana and PM Ujjwala Yojana, Uniform Civil Court, NRC – CAA, And, above all Make Bharat the third-largest economy.

The old proverb laments, over promise and under delivery is bad. Better to promise less, but, deliver more. Namo promised a lot, though, we all are really hopeful. Yes, this time there is an if and but, its National Democratic Alliance (NDA), the critics already started saying in a sarcastic tone Nitish Dependence Alliance.

Can 56 inches overpower this? Time will tell. The real litmus taste of the slogan "Modi Hai to Mumkin Hai"

About the Contributor

Author, Editor, Speaker, Political Commentator, Media Educator and a Television Debater. Presently he is the Dean – Media Science, Techno India Main Campus, Kolkata. Visiting Professor, SRFTI, Ministry of I & B, Govt. of India. He can be contacted at debanjan.mediaguru@gmail.com

সি এ বি সম্মান প্রদান ২০২৪

প্রতি বছর সি এ বি আমেরিকায় যাঁরা বাংলা ভাষা, বাংলা সংস্কৃতির প্রসার অথবা বাঙালি জীবনের মান উন্নয়নের জন্য নিঃস্বার্থভাবে নিজেকে নিয়োগ করেন, তাঁদেরকে সম্মান ফলক প্রদান করা হয়। এ বছর সি এ বি-র এ সম্মাননার জন্য নির্বাচিত হয়েছেন লেখক চিকিৎসক ডাঃ কৌশিক সেন এবং 'রাজা রামমোহন' পুরস্কারপ্রাপ্ত সমাজ কর্মী শ্রী দিলীপ চক্রবর্তী। ওঁদের সংক্ষিপ্ত পরিচয় আপনাদের জ্ঞাপনার্থে প্রকাশ করা হল।

—নিজস্ব সংবাদদাতা।

Dilip Chakrabarti

New Jersey, USA

As a child in a refugee family– hardship and poverty engulfed him all around and he struggled out it by his own hard work and tenacity. He received his education in Calcutta and Jadavpur University. In midó0ós he migrated to USA. After working for couple of years he opened a Drug Store in Queens of NY City. He always worked for the wellbeing of the community. His philanthropic works in West Bengal were recognized by awarding him òòthe Philanthropist of the Yearóó award by Ram Mohan Mission of Kolkata with a Gold Medal and 5 Lacs of Rupees. Most notables are a charitable eye hospital for the village people in a rural area near Kolkata and an addition of hall of edifice in Jadavpur University where onsite interviews for the employments are taken. His donations were also received by hospital and high school (Chakrabarti Family Scholarship) in USA. He is one of the founding members of NY Kali Mandir in Baldwin– NY State. He is also a writer who has three published books in his credit and has written numerous articles which were published in USA and West Bengal namely– The Statesman– The Rockland Journal and in many other newspapers and Magazines. His recently published book "Walking Alone" is available in Amazon.com– Barnes and Nobles. He was the Editor of the Bengali newspaper "Sangbad Bichitra" which is circulated in USA. He is currently serving as the Chairman of the Board of Trustees of Cultural Association of Bengal who runs the Bengali Conference NABC in USA.

He is extremely grateful to CAB for recognizing him for his dedication and sacrifice for the humanity. He dedicates this recognition to all the mothers whose sacrifices are rarely recognized by the society at large.

কৌশিক সেন

র‍্যালে, নর্থ ক্যারোলিনা

আমার নাম কৌশিক সেন, হদ্দ সাধারণ বাঙালি নাম, এই নামে চোর-পকেটমার থেকে শুরু করে ডাক্তার, অধ্যাপক, স্বনামধন্য নাট্যকার ইত্যাদি সবরকম নমুনা মিলবে। মোদ্দা কথা আমি একজন প্রবাসী বাঙালি এবং গত কুড়ি বছর ধরে উত্তর আমেরিকা বঙ্গ সম্মেলনের সঙ্গে আমার একটা সম্পর্ক গড়ে উঠেছে। এ বছর তাঁরা আমাকে পুরস্কৃত করার ইচ্ছা প্রকাশ করেছেন যদিও বেমক্কা এমত সৌভাগ্যের অধিকারী হবার কোনো যোগ্যতাই আমার নেই। তাই এই প্রবন্ধে রইলো আমার বিচিত্র মুসাফিরি এবং তার ফাঁকে ফাঁকে বাংলা সাহিত্য-সংস্কৃতি চর্চার উদ্ভট ইতিবৃত্ত।

ভিসার শর্ত অনুসারে আমি ১৯৯০ সালে নর্থ ডাকোটায় ডাক্তারি জীবন শুরু করতে মোটামুটি বাধ্য হয়েছিলাম, কেননা তখনও অবধি আইন মেনে সোজা

পথে চলা আমার অভ্যেস। উত্তর-পশ্চিমের সেই হাড় জমানো, বছরে ছয় মাস বরফচাপা, হলধরের আপন দেশেও গোটা দুয়েক ইউনিভার্সিটি এবং তাজ্জবের কথা, কম করে তিন ডজন বঙ্গসন্তান মজুদ ছিল। শুরু হয়ে গেল তাদের একত্র করে তল্লাটের প্রথম দুর্গাপুজো এবং থিয়েটার ক্লাব পত্তন করা। এলাকায় অন্যান্য প্রদেশের ভারতীয়রা যে যেখানে খাবি খাচ্ছিল, তারাও সবাই এই মওকায় অকাতরে আমাদের হাঙ্গামায় যোগ দিলো। দেখতে দেখতে গড়ে উঠলো IAAGP অর্থাৎ

কিনা Indian American Association of Great Plains এবং এই অধম বাকসর্বস্ব ক্ষুদ্রকায় বাঙালি তার প্রেসিডেন্ট। কি হয়নি সেই সময়, মিডওয়েস্টের খোলা আকাশ আর ঝকঝকে রোদ্দুরে স্নান করা সেই বাড়িটাতে—পুজো, পাঠ, বিয়ে, শ্রাদ্ধ, অন্নপ্রাশন, এবং একশোভাগ বাঙালিয়ানা বজায় রেখেও এক অভূতপুর্ব ভারতীয় আড্ডাধারী সমাজের অনর্গল গুলতানি।

উচ্চাশা মানুষকে নষ্ট করে দেয়। কয়েক বছর বাদে ভিসার চক্কর কাটিয়ে ক্যানসার বিশেষজ্ঞ হবার জন্য আমার আগমন হয়েছিল ওহায়ো প্রদেশের ক্লীভল্যান্ড শহরে। রসগোল্লার রসে যেমনভাবে মাছি ব্যাটা সেঁটে যায় ঠিক সেভাবেই কয়েক বছরের জন্য আমরা ক্লীভল্যান্ডের বঙ্গ সংস্কৃতির আঠায় সেঁটে গেছিলাম। আলাপ হয়েছিল ব্রজেশদা, অমিয়দা, জয়তীদি, রতনদা ইত্যাদি আরো অনেক গুণী মানুষদের সঙ্গে, যাদের লাই পেয়ে পেয়ে ব্যক্তিগত সাহিত্য-সংস্কৃতি চর্চার ভূতটিও চুপচাপ ঘাড়ে চেপে বসেছিল।

আমার সামাজিক জীবন শুরু হয়েছিল ২০০৬ সালে যখন আমি নর্থ ক্যারোলিনা প্রদেশে স্বনামধন্য ডিউক ইউনিভার্সিটি ক্যানসার সেন্টারের সহ-অধ্যাপক হিসাবে থিতু হয়ে কর্মজীবন শুরু করেছি। র‍্যালে-ডারহাম-চ্যাপেলহিল-ক্যারি-মরিসভিল ইত্যাদি শহরগুলো তদ্দিনে সাবেক আমলের তামাকুর ব্যবসা বন্ধ করে টেকনোলজির নতুন হাওয়ায় পাল তুলে দিয়েছে। দেশ থেকে ফি-হপ্তায় ছোকড়া-ছুকড়িরা পালে পালে আমদানি হচ্ছে, অনেকটা যেন হাইড্রান্ট ফেঁসে যাওয়া জলের ফোয়ারার মতন। সেই সময় এলাকার বাঙালি সমাজ নতুন আর পুরনো আইডিয়ার চক্করে ফেঁসে গিয়ে বেশ কিছুটা বিভ্রান্ত অবস্থায় ছিল। অনেক ভেবেচিন্তে কৌশিক সেন ঠিক করে ফেললো যে মানুষজনকে একজায়গায় করার জন্য কিছু একটা হল্লা বলে দেওয়া আবশ্যিক এবং সেই হল্লার নাম নাটক! প্রতি বছর একাধিক নাটক করা দরকার এবং তার সঙ্গে এই আত্মঘাতী স্বেচ্ছা পরবাসের বিদঘুটে সব গল্পগাথা লিখে রাখা একান্ত প্রয়োজনীয় এবং মাতৃভাষায়, তা সে কোনো শ্যালক পড়ে দেখল আর নাই বা দেখল!

সেই প্রাগৈতিহাসিক ২০০৭ থেকে শুরু করে প্যানডেমিক আক্রান্ত ২০২০ এবং তার পরবর্তী প্রতি বছর এই নাট্যকার নিয়ম করে বছরে একাধিক নাটক মঞ্চস্থ করে গেছে। রবীন্দ্রনাথের ল্যাবরেটরি, রক্তকরবী, চার অধ্যায়, চতুরঙ্গ, মেঘ ও রৌদ্র, ডাকঘর, তার পাশাপাশি রাজশেখর বসুর ভুশুণ্ডির মাঠে, চিকিৎসা সংকট, শরদিন্দুবাবুর সজারুর কাঁটা সবাই জায়গা পেয়েছে সেখানে। তার পাশাপাশি থেকে গেছে লেখকের নিজস্ব কাজগুলি—চোর, শেষের সেদিন, সাঁকোটা দুলছে, ভুল, আংটি রহস্য। সতেরো বছর ধরে এই উদ্ভট প্রচেষ্টা আমাদের একসঙ্গে এনেছে, সমৃদ্ধ করেছে, সৃষ্টিশীল করেছে, যদিও শহুরে উপকূল থেকে দূরে, ওই যাকে বলে মফঃস্বল এলাকায় পয়দা হবার জন্য খুব একটা প্রচার কিছু পায়নি। সেই সব নাটকের কুশীলবদের আমি ভুলিয়ে ভালিয়ে নিয়ে গেছি প্রতি বছর, উত্তর আমেরিকা বঙ্গ সম্মেলনের ঠিকানায়। কখনো দর্শকের প্রসাদ এসেছে কখনো অনিয়মের ফলে এসেছে হতাশা, কিন্তু আমি আত্মার সাংস্কৃতিক উত্তরাধিকারের জন্য ব্যক্তিগতভাবে যথাসাধ্য করে গেছি এইটুকুই সান্ত্বনা। আমি জানি যে কিছুই চিরস্থায়ী নয় তাই আজ যখন এই সমাজ সাবালক হয়েছে, নিজের পায়ে দাঁড়াতে, চলতে শিখেছে, আমার কাজও সেইসঙ্গে শেষ। অনেক ভুল বোঝাবুঝি, অনেক হতাশা, তবুও সার্বিক জীবনচর্চার এই পথই আমার একমাত্র পথ। পথ যদি ফলবান হয় তাহলে জেনো যে সে পথে কেউ একলা হাঁটেনি। আমার জীবনসঙ্গিনী অনন্যা এবং আমার বিশ্বস্ত বন্ধুরা না থাকলে আমি এক অর্থহীন ঠুঁটো জগন্নাথ।

এই করতে করতে এক ডজন বাংলা বই লেখা হয়ে গেল, কলকাতার বড়ো ঘরে প্রকাশিতও হয়ে গেল অনেকগুলোই। কে পড়েছে জানি না, তাও যদি কেউ পড়ে থাকো তাহলে আমার ধন্যবাদ জেনো। পৃথিবী দ্রুত বদলে যাচ্ছে, হাওয়ায় উড়ন্ত খড়কুটোর কিছু বলার নেই। তবুও ধন্যবাদ এবং অজস্র ধন্যবাদ।

জুন ৫, ২০২৪

বদ্রীনাথ থেকে ফেরার পথে দুর্ঘটনায় প্রয়াত নিউ ইয়র্ক কালী মন্দিরের দুই ট্রাস্টী

গত বুধবার (৫ই জুন) উত্তরাখন্ডের জন্য দিনটি মোটেও ভাল ছিল না। চতুর্দিক থেকে কেবল বিভিন্ন দুর্ঘটনার সংবাদ আসছিল কুমায়ুন থেকে গারওয়াল পর্যন্ত। এর মধ্যেই একটি দুর্ঘটনা ঘটে হৃষীকেশ বদ্রীনাথ জাতীয় সড়কের নারকোটাতে। একটি গাড়ী কয়েকজন অনাবাসী ভারতীয় তীর্থযাত্রীদের নিয়ে বদ্রীনাথ থেকে ফিরে আসছিল। এমন সময় নারকোটার কাছে গাড়ীটিতে পাহাড় থেকে পাথরের চাঁই ("বোল্ডার") বৃষ্টি হতে থাকে। গাড়ীর সামনের সিটে বসে থাকা দুই যাত্রী ওই পাথরের আঘাতে গুরুতরভাবে আহত হয়ে ঘটনাস্থলেই মৃত্যুর কোলে ঢলে পড়েন। পুলিশ এসে অন্য আহতদের হাসপাতালে স্থানান্তরিত করে এবং মৃতের পোস্টমর্টেম করার নির্দেশ দেয়। দুর্ভাগ্যবশতঃ মৃত দুই ব্যক্তি নিউ ইয়র্কের বল্ডউইন-এর "কালী মন্দিরের" বোর্ড অফ ট্রাস্টীর দুই সদস্য শ্রী অমিত শিকদার ও শ্রী বুদ্ধদেব মজুমদার।

অমিত ও বুদ্ধদেববাবু ছিলেন কালী মন্দিরের দৈনন্দিন ক্রিয়াকর্মের প্রাণকেন্দ্র। সদাহাস্যময় শ্রী অমিত ও শ্রী বুদ্ধদেবের কথা সকলের হৃদয়ে চিরকালের জন্য গ্রথিত হয়ে থাকবে। শ্রী অমিত ও শ্রীবুদ্ধদেবের আকস্মিক মৃত্যুর ঘটনায় নিউ ইয়র্কের বাঙালী সমাজ অত্যন্ত মর্মাহত ও দুঃখিত। এবং গভীর শোকসন্তপ্ত হৃদয়ে মৃতদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করছে। এ ঘটনা কালী মন্দিরের প্রতিটি সমর্থক ও ভক্ত আকস্মিক শোকে নিমজ্জিত হয়েছে। ওই গাড়ীতে কালী মন্দিরের আরও দুজন ছিলেন, সৌভাগ্যবশতঃ ওঁরা দুজনেই ভালো আছেন। আমরা দুই মৃতের পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাই এবং মৃতদের আত্মার মুক্তি ও শান্তি কামনা করি।

নিজস্ব সংবাদদাতা

গল্প

প্রথম পরিচয়

উত্তম চক্রবর্ত্তী
টরন্টো, ওন্টারিও, কানাডা

সকাল থেকেই আজ মনটা ভীষণ উতলা হয়ে আছে। তার কারণ অবশ্য গোপন করে কোনও লাভ নেই। আজ দুর্গাপূজার অষ্টমীর দিন, চারিদিকে আনন্দের ধারা বইছে। ছোটো ছোটো ছেলেমেয়েরা নতুন নতুন জামাকাপড় পরে বেশ চতুর্দিকে ঘুরে বেড়াচ্ছে আর ওদের এই কোলাহলে আমার মনেও এক অদ্ভুত শিহরণ বারে বারে জেগে উঠছে। এই অনুভূতি আমি কি করে, কার কাছে প্রকাশ করবো তা ভেবে উঠতে পারছি না। আমার মন এতই চঞ্চল যে আমি নিজেকে আর সন্ধ্যা পর্যন্ত সামলে রাখতে পারছি না, তার কারণ আজ আমি এক মহিলার সঙ্গে দুর্গাঠাকুর দেখতে বের হবো। যার সাথে আজ আমার প্রথম পরিচয়ের সুযোগ ঘটবে। একথা ভাবতেই আমার মনের চঞ্চলতা ক্রমশ বৃদ্ধি হচ্ছে আর হৃদয়ের স্পন্দনও বেড়েই চলেছে। ভাবছি পরিচয় না হওয়ার আগেই যে রোমাঞ্চ আমি এখন অনুভব করছি, পরিচয় হওয়ার পর যে কি হবে তা তো ভাবতেই পারছি না।

সন্ধ্যাবেলা কর্ণিকার (কর্ণিকা মানে পদ্মের বীজকোষ বা লেখনী)-র সঙ্গী হয়ে এই প্রথম বাইরে কোথাও যাবো। আজ ঠিক সন্ধে সাতটার সময় ওর সাথে দেখা হবে হাজরা রোডের মোড়ে। আজ দুর্গাপূজার এই বিশেষদিনে আমাদের সামনে যেন এক অজানা সন্ধ্যা নানারকম আকার নিয়ে অপেক্ষা করছে। আমার এই শিহরণ আমি কেমন করে সবাইকে বোঝাবো তা ভেবে পাচ্ছি না। শুধু এটুকু মনে হয় ঢেউ যেমন সমুদ্রতীরে একটার পর একটা কখনও মৃদু কখনও বা তীর বেগে এসে আঘাত করে তেমনই আমি আমার মনের মধ্যে অনুভব করছি। এটা যে শুধু আমার হচ্ছে তাই নয় অনেককেই এরকম পরিস্থিতির সম্মুখীন হতে হয়েছে, তা আমি আগে অনেক শুনেছি।

এই শরৎকালের দুর্গাপূজার উৎসব আজ পৃথিবীর সর্বত্র চলেছে। বাঙালীরা যেখানেই থাকুক না কেন সেখানেই এই পুজো হচ্ছে। আমার বন্ধুবান্ধব সবাই আজ কোথাও না কোথাও কোনো বিশেষ জায়গায় যাবে এবং আনন্দ করবে, তাই আগে থাকতে আমিও ঠিক করেছি আজ কোথাও একটা যাবো। এসব আলোচনা যখন আমরা বন্ধুরা মিলে সবাই করছিলাম তখনই আমার বন্ধু মিলন আমাকে বলেছিল আমি রাজী থাকলে তবে ও একটি মেয়েকে চেনে তাকে বললে হয়তো আমার সাথে এই শুভ অষ্টমীর সন্ধ্যায় ঠাকুর দেখতে যেতে পারে। ব্যস, আমিও এক কথায় রাজী হয়ে গিয়েছিলাম। আমি জানি, আমার বত্রিশ বছর হয়ে গেল অথচ আমি কোনো প্রেয়সীর স্পর্শ এখনও পাইনি। যেসব মেয়েবন্ধু আমার আছে বা যাদেরকে চিনি তারা সবাই নানারকমভাবে প্রোগ্রামে ব্যস্ত। আর এদিকে আজ পর্যন্ত আমি কোনো মেয়েকে নিজের বান্ধবী বলে পরিচয় দেওয়ার সুযোগ ঘটাতে পারিনি। তাই আমার সব জায়গার বন্ধুরাই আমাকে এই বিষয় নিয়ে নানাভাবে উত্তক্ত করে, তাদের মত এই যে তোর মতো ছেলের কেনো কোনও মেয়ে বান্ধবী নেই এটা ভাবতেই আশ্চর্য লাগে। তবে আমি এ ব্যাপারে আগে কখনও পাত্তা দিতাম না, পড়াশুনা আর মা-বোনকে নিয়েই সব সময়ই ব্যস্ত থাকতাম। কোনও মেয়ের প্রেমে পড়ার সুযোগই ছিল না। দেখতে দেখতে আজ আমার বয়স হয়ে গেল। একদিন মা একথা তুলতে বলেছিলাম, তুমি চিন্তা করো না আমি আমার জীবন সঙ্গিনীটিকে ঠিকই খুজে নেব।

কর্ণিকাকে আগে আমি কখনো দেখিনি। কি রকম দেখতে, কত বয়স, কোথায় থাকে, কি করে, তার কিছুই আমার জানা নেই বা মিলন আমাকে ওর সম্বন্ধে বিশেষ কিছু খুলে বলেওনি। আমিও এই নিয়ে আর ওকে কিছু প্রশ্ন করিনি, কারণ—আমি জানি মিলন আমাকে কখনো এমন কারো সাথে পরিচয় করিয়ে দেবে না, যার সাথে আমার মতের ঘোরতর বিবাদ হতে পারে। তাই মনে মনে আমি অনেক জল্পনা কল্পনা করে চলেছি। ওকে ঠিক কেমন দেখতে, কেমন তার চোখের ভাষা, কেমনই বা তার হাসি এই ভাবতেই আমার কেমন লাগছে। সন্ধ্যার জন্য যেন আর অপেক্ষা করতে পারছিলাম না।

দুপুরবেলা পাড়ার পূজা দেখতে গেলাম, এখানে পাড়ার বন্ধুদের সাথে পূজার অঞ্জলি দিয়ে, পাড়ার লোকজনদের সাথে শুভেচ্ছা বিনিময় করলাম। ছোটো ছোটো ছেলেমেয়েদের সঙ্গে নানারকম হাসিঠাট্টা করে ওদেরকে মাতিয়ে রাখলাম। এসব করতে করতে বিকেল পাঁচটা বেজে গেল। আমি বাড়িতে এসে তৈরি হতে লাগলাম। মাঝে মাঝে আমি মনের মধ্যে বেশ দুর্বলতা আর চঞ্চলতা অনুভব করছি। আমার মনে যে আজ এত তোলপাড় চলছে বাড়ির কারোর তা নজরে পড়ছে কিনা ঠিক বুঝতে পারছি না। আমার বাড়িতে শুধু মা আর এক ছোটো বোন আছে। ওরা এখনো পূজামণ্ডপ থেকে ফিরে আসেনি। মা যাবার আগে আমাকে জিজ্ঞাসা করেছিল, "হ্যাঁ রে মধুর, তুই কি আজ সন্ধ্যাবেলা কোথাও বেরোবি?" আমি সটান তার উত্তরে বলেছি, "হ্যাঁ, মা।"

শুনে মা আর কিছু বললো না। কিন্তু আমার বোন রশনা বলে উঠলো, "আমি জানি তুই কোথায় যাবি।"

আমি ওর দিকে চোখ পাকিয়ে বললাম, "তুই থাম, তোকে আর পাকামো করতে হবে না।"

মা বুঝতে পেরে মুচকি হেসে রান্নাঘরের দিকে চলে গেলেন।

আমি, মা আর আমার বোন এই বাড়িতে আজ প্রায় একুশ বছর ধরে আছি। বাড়িটি ভীষণই বড়। এই বাড়িতে তিনজনের থাকার জন্য খুবই বেশি জায়গা বলে মনে হয়। বাবা মারা যাওয়ার কিছুদিন আগেই আমরা এই বাড়িতে প্রবেশ করেছিলাম। বাবা অনেক বছর ধরে, কষ্ট করে বেশ কিছু টাকা জমিয়ে এই বাড়িটা নিজের মনের মত করে তৈরি করেছিলেন। কিন্তু উনি বাড়িটা তেমন বেশি সময়ের জন্য ভালভাবে ভোগ করতে পারেননি। বাবার হৃদয় সংক্রান্ত ব্যাধি হওয়া মাত্রই মা কিন্তু এই বাড়িতে আর থাকতে চাননি। উনি বারে বারে কেবল বাবাকে বলেন যে বাবা-ই যদি এই বাড়ি ভোগ করতে না পারেন তবে আমাদের থেকে কী লাভ। বাড়িটা বিক্রি করে দাও। তবে বাবা কিন্তু কোনোমতেই মা-র সাথে একমত হননি। আমার মাঝেমাঝে মনে হয় মা যেন জানতেন যে বাবা বোধ হয় বেশি দিন এই পৃথিবীতে থাকবেন না। জানি না মা কেন এটা তখন ভেবেছিলেন। আমরা অবশ্য তখন খুবই ছোটো, সুতরাং মা আমাদের মতামতের জন্য অপেক্ষাও করেননি। আর করলেই কি আমরা আমাদের মত দিতে পারতাম? মত মানে কি বস্তু তাই তো জানতাম না। বাবা কিন্তু তার শেষ নিঃশ্বাস নেওয়ার আগে মাকে দিয়ে শপথ করিয়ে নিয়েছিলেন এই বলে যে, আমরা যেন এই বাড়িতেই থাকি, এই বাড়ি যেন কখনো বিক্রি না করি। মা সেই আশ্বাস বাবাকে অবশ্য দিয়েছিলেন। আমরা ছাড়াও তো আছে মোহনাদি, যিনি আজ আমাদের সাথে বহু বছর ধরে আছেন, উনি আমাদের বাড়ির সব কিছুই দেখাশুনা করেন, তার উপর আমরা সবাই নানা ভাবে তার উপরেই আমরা নির্ভরশীল।

মোহনাদি কাছাকাছি ছিলেন, তাকে বললাম, "মোহনাদি, আমি এখন স্নানে যাবো গিজারটা কি চালানো আছে?"

মোহনাদি সোজা বললেন, "চালানো না থাকলে তুমি চালিয়ে নিও, তুমি তো জানো।"

আমি একটু লজ্জায় পরে বললাম, "তুমি ঠিকই বলেছ।"

আমিও আর না দাঁড়িয়ে তাড়াতাড়ি নিজের ঘরে গিয়ে জামাকাপড় নিয়ে সোজা বাথরুমে ঢুকে পড়লাম।

আমাদের বাড়ি হরিশ মুখার্জী স্ট্রিটে, ওখান থেকে হাজরা রোড বড়জোর হবে পাঁচ-সাত মিনিটের রাস্তা। সুতরাং আমার হাতে এখনো অনেক সময় আছে। মা-র দেওয়া নতুন জামাকাপড় পরে সবে তৈরি হচ্ছি ঠিক তখনই রশনা এসে হাজির।

"এই দাদা, তুই তো এত মাঞ্জা দিচ্ছিস, কেন রে? তা তোর ডেট দেখতে ঠিক কেমন সেটা জানিস তো?"

আমি ওর দিকে কৃত্রিম রাগ দেখিয়ে বললাম, "তোর জেনে কি হবে?"

"বা-রে কর্ণিকা যদি আমার বউদি হয়ে যায়, তবে?" বলে মুচকি হাসল রশনা।

আমি ওর দিকে অবাক দৃষ্টিতে তাকিয়ে থেকে জিজ্ঞাসা করলাম, "রশু, তুই এর নাম জানলি কি করে?"

"আরে বাবা আমি সবই জানি।"

রশনার চোখদুটি যেন হাসছে আর বলছে আমাকে তুই কখনো ফাঁকি দিতে পারবি না রে, দাদা।

আমি বললাম, "আরে দাঁড়া আগে আমি তো ওকে দেখি তারপর না হয় তোকে সব বলবো।"

আমরা দুই ভাই-বোন বরাবরই নিজেরা নিজেদের মধ্যে কোনো জিনিস গোপন রাখি না। ওকে যে আমি খুব স্নেহ করি তার সুযোগ রশনা খুবই নেয়। আমার কিন্তু ভালই লাগে ওর এই চঞ্চলতাকে। তক্ষুণি বললাম, "পালা এখান থেকে, নাহলে আমি তোর কানটা মুলে দেব।"

"এই দাদা, প্রথমদিন কিন্তু নিজেকে সামলে রাখিস।" বলেই মুচকি হেসে ঘর থেকে পালালো রশনা।

ঘর থেকে বেরিয়ে দেখি চারিদিকে লোকে লোকারণ্য, জাকজমক, নানা রঙের আলোর আলোময়, মাইকে গানের সুর, গাড়ির শব্দ, লোকজনের কোলাহল, ছোটো ছোটো ছেলেমেয়েদের ছোটাছুটি সব মিলিয়ে যেন সারা কলকাতা এক অন্য রূপ নিয়েছে। এ রূপের এক ঐতিহ্য আছে, মনকে আনন্দে ভরিয়ে দেয়, মাতিয়ে তোলে। এসব দেখতে দেখতে আর উপভোগ করতে করতে নিজের মধ্যে যে একটা ভয়ের ভাব ছিল তা কখন উবে গেছে তা নিজেই জানি না। আর এর মধ্যে কখনই বা হাজরা রোডের মোড়ে এসে পড়েছি সে খেয়াল হয়নি। সম্বিত ফিরে পেলাম কর্ণিকার মুখোমুখি এসে দাঁড়িয়ে পড়েছি। মিলনের মাধ্যমে আমরা ঠিক করেছিলাম যে আগে পৌঁছাবে সে রাস্তার কোণের দিকে ল্যাম্পপোস্ট থাকবে, তার নীচে যে আগে আসবে সে অন্যের জন্য অপেক্ষা করবে। আমরা দুজনে প্রায় একই সময়ে পৌঁছে গেছি। আর আমরা নিজেদের চিনতে কোনও অসুবিধা করলাম না। দুজনেই মৃদু হেসে পরস্পরকে হাত তুলে নমস্কার করলাম। এই নমস্কার করার সময় আমার মনে হল কর্ণিকার মুখটা যেন একটু উজ্জ্বল হয়ে গেল। মনে হল ও আমার সাথে পরিচিত হয়ে খুব ভাল অনুভব করছে। এটা উপলব্ধি করেই কর্ণিকাকে আমি আত্মবিশ্বাস নিয়ে সরাসরি বললাম, "কি ভাল লাগছে। আপনার মনকে আমি জয় করতে পেরেছি?"

কর্ণিকা আমার কথা শুনে হেসে বলল, "আপনার তো দেখছি নিজের উপর অশেষ আশ্বাস আছে।"

আমি হ্যাঁ বা না কিছুই বললাম না, শুধু ওর দিকে তাকিয়ে মৃদু হাসলাম। দেখলাম ওর মুখের হাসি তখনও মিলিয়ে যায়নি। মনে মনে ভাবলাম আজ আমাদের প্রথম পরিচয়। কিন্তু আমরা আমাদের নিজেদেরকে কেমন সুন্দর ভাবে আপ্যায়ন করলাম। এই সন্ধ্যাটা আজ আমাদের ভালই কাটবে, এ হল আমার দৃঢ় ধারনা এবং আর এই অল্প সময়ের মধ্যে আমরা যে দুজনে দুজনের প্রতি আকর্ষিত তার বিন্দুমাত্র সন্দেহ আমার মনে ছিল না।

তাই ওকে আমিই প্রথমে বললাম, "চারিদিকে কেমন সবাই মেতে উঠেছে।"

তার উত্তরে কর্ণিকা হেসে বলল, "ঠিকই বলেছেন।"

"আপনি আজ কি করবেন কিছু কি ভেবেছেন?"

উত্তরে ও বলল, "হ্যাঁ। চলুন আগে কয়েকটা ঠাকুরের প্যান্ডেল দেখতে যাই তারপরে না হয় কোথাও গিয়ে বসা যাবে। আপনার কোনও তাতে আপত্তি নেই তো?"

আমি ওর এই স্থির সিদ্ধান্তে সহজেই সায় নিয়ে বললাম, "আপনি তো বেশ ভালই প্রোগ্রাম ভেবে রেখেছেন দেখছি। আমারও এক মত।"

আশেপাশের প্যান্ডেলগুলি ঘুরে ঘুরে দেখছি আর আমরা নিজেদের মধ্যে শুধু পুজো, ঠাকুর, লোকেদের চলাফেরা এসব নিয়ে ছোটখাটো কথা বলছি। আমি কিন্তু মাঝে মাঝে আমার চোখের কোণ দিয়ে ওকে পর্যবেক্ষণ করছিলাম আর ভাবছিলাম কর্ণিকাকে যে রকম দেখতে হবে ভেবেছিলাম তার সঙ্গে মুখের মিলের অনেক তফাৎ আছে। আমি মনে মনে ওর মুখের আর দেহের একটা ছবি এঁকেছিলাম। ভেবেছিলাম কর্ণিকার উচ্চতা হবে পাঁচ ফুট চার বা পাঁচ ইঞ্চি, গায়ের রঙ হবে উজ্জ্বল শ্যামবর্ণ আর খুব একটা মোটা বা খুব একটা রোগা হবে না অবশ্য মুখের গঠন কেমন হবে তা ঠিক মত আমার মনের মধ্যে বানাতে পানিনি। কিন্তু যা দেখছি তাতে আমার বেশ ভালই লাগছে। যা আশা করেছিলাম তার তুলনায় ওকে বেশ লম্বা আর আরও দেখতেও ভারী সুন্দর। অবশ্য এর মুখ কিন্তু ঠিক একেবারে বাঙালীর মতো মনে হচ্ছে না। কেন এরকম মনে হচ্ছে সেটা ঠিক ভেবে উঠতে পারছি না। তবে ওর হাসিটা কিন্তু আমার মনকে ভীষণভাবে জয় করেছে। তবে আমি জানি না ওর আমাকে ঠিক কেমন লাগছে?

আমরা হাজরা রোড ধরে দুর্গা ঠাকুর দেখতে দেখতে কখন যে দেশপ্রিয় পার্কে চলে এসেছি তার কোনও খেয়ালই ছিল না। ঘড়ির দিকে আমরা যখন দুজনে তাকালাম তখন প্রায় দশটা বেজে গেছে।

আমি বললাম, "চলুন কোথাও গিয়ে আমরা কিছু খেয়ে নিই।"

কর্ণিকা আমার কথায় সায় দিয়ে বলল, "এখানে কাছেই একটা বেশ ভাল রেস্টুরেন্ট আছে, চলুন। ওখানে নানারকম পশ্চিমদেশের তৈরি ডিস পাওয়া যায়, নাম 'ওমেনা'। এটা যদিও মণিপুরি নাম। তবে এখানে যেতে আমার বেশ ভাল লাগে। মনে হয় যেন বাড়িরই খাবার খাচ্ছি।"

এ কথা শুনে আমার মনে কৌতুহলের সৃষ্টি করল, অবাক হয়ে ওকে প্রশ্ন করলাম, "তার মানে? আপনি কি মণিপুর থেকে?"

কর্ণিকা এবার আমায় পালটা প্রশ্ন করে বলল, "কেন, মিলন আপনাকে আমার সম্বন্ধে কিছু বলেনি বুঝি? আমার মা হচ্ছেন বাঙালী, কিন্তু বাবা মণিপুরী। এজন্য আমি দুই জায়গার সব জিনিসই ভালবাসি।"

"আপনাকে দেখলে কিন্তু মনে হয় না যে আপনি মণিপুরী।"

"আপনি যদি আমায় না জানাতেন আমি কিন্তু কখনই বলতে পারতাম না। কারন, আপনার বাংলা বলার মধ্যে কোনও অবাঙালীর টানই নেই।"

আমার গলায় তখনও আশ্চর্যের আভাস রয়েছে। ওর পদবী আমি জানতাম না। কর্ণিকা আমার কথার উপরে বলল, "আমি মার মতোই অনেকটা দেখতে যার জন্য কেউ বুঝতে পারে না যে আমার মধ্যে মণিপুরী রক্ত বইছে, আর আমি এই কলকাতাতেই মানুষ।"

"হ্যাঁ, আপনি যে পুরোপুরি বাঙালী নন সেটা আমি কিছুটা আন্দাজ করতে পেরেছিলাম। কিন্তু কথাটা জিজ্ঞাসা করাটা সাম্য নয় ভেবে আর জিজ্ঞাসা করিনি। এছাড়া এবিষয়ে আমার কোনও আপত্তি নেই। বরং, আমার কিন্তু আপনাকে বেশ ভালই লাগছে।"

এরপর প্রসঙ্গ এড়াতে বললাম, "আজ যা ভীড় হবে, এই রেস্টুরেন্টে আমরা ঢুকতে পারলেই লাভবানই হবো।"

তার উত্তরে ও সাহস করে বলল, "এটা নতুন হয়েছে, এর মেনুতে বেশীর ভাগ আইটেমই বিদেশী, অনেকের এ খাবার খেতে ভাল নাও লাগতে পারে।"

আমি আর কথা না বাড়িয়ে এর পাশাপাশি চলতে লাগলাম। মিনিট দুয়েকের মধ্যেই আমরা রেস্টুরেন্টের কাছে পৌঁছে গেলাম। কাছাকাছি আসতেই আমি একটু সুস্থির স্বরে বললাম, "আপনি ঠিকই বলেছেন। খুব বড় একটা লাইন দেখতে পাচ্ছি না।"

আমরা রেস্টুরেন্টের কাছে গিয়ে দেখি আমাদের সামনে প্রায় কুড়ি জন লোকের মত লাইন দিয়ে দাঁড়িয়ে আছে। আমি ওকে লাইনে দাঁড়াতে বলে সামনে গিয়ে রেস্টুরেন্টের যে হোস্টেস আছে তাকে জিজ্ঞাসা করে জানতে পারলাম আমরা প্রায় কুড়ি মিনিটের মধ্যে খেতে বসার জায়গা পাবো। হোস্টেস আমাকে এও বলল যদি চাই তবে কিছু ড্রিঙ্কস নিয়ে আমরা একটি অপেক্ষার জায়গা আছে ওখানে গিয়ে বসতে পারি। যখন আমাদের জন্য টেবিল খালি হবে তখন ও এসে আমাদের ডেকে নিয়ে যাবে। আমি তাতে রাজী হয়ে গেলাম। আমি ফিরে এসে যখন কর্ণিকাকে এ কথা জানালাম তাতে ও কোনও আপত্তি দেখালো না। আমরা আমাদের নাম লিখিয়ে সোজা ঐ ছোট বসার জায়গায় চলে গিয়ে দেখি আমাদের মতো আরও কয়েকজন বসে আছে।

ঘরটি বেশ সুন্দর করে সাজানো। একদিকে বসার জন্য কয়েকটা ছোট টেবিল এবং দুটি করে চেয়ার আর তার উপরে রয়েছে খুবই কম আলোর ঝোলানো বাতিঝাড়। ঘরের অন্যদিকে আছে যাতায়াতের জায়গা আর তার পরেই রয়েছে ড্রিঙ্কসের বার, ঠিক তার পেছনে রয়েছে রংবেরংয়ের থরে থরে সাজানো নানা দেশের মদের বোতল। সত্যি করে বলতে কি ঘরটিকে অপরূপ দেখাচ্ছে কিন্তু তার মাঝখানে এত জোড়ে সবাই কথা বলছে যে পরিবেশটার মাধুর্যতা ঠিকভাবে উপলব্ধি করা যাচ্ছে না। আমাদেরও কোনও বিকল্প কিছু করার উপায়ও ছিল না। তাই বাধ্য হয়ে আমরা একটি টেবিল অনায়াসেই দখল করলাম। আমি সঙ্গে সঙ্গে বুঝতে পারলাম যে এখানে পানীয় যাতীয় জিনিসের প্রচুর দাম হবে। কিন্তু এখন এখান থেকে বার হওয়া মানে নিজেকে লজ্জার মধ্যে ফেলা।

কর্ণিকা আমার অবস্থা ঠিক অনুমান করে বলল, "আমার কাছেও কিছু টাকা আছে দুজনে মিলে সবকিছু দিয়ে দিতে পারবো, কিন্তু অন্য কোথাও যদি যেতে চান তাহলে চলুন এখনি বেড়িয়ে পড়ি।"

আমি সাথে সাথে অস্বীকার না করে বললাম, "এখানেই থাকি। আমাদের অসুবিধা হবে না।"

আমরা দুজনের ড্রিঙ্কস এলে, অবশ্য কোনও মদ্যপানীয় নয়, কেবল দুটি কার্বনেটেড জল নিয়ে বসে টুকটাক কথা বলতে থাকলাম। তবে এর মধ্যে আমার কথাই বেশী হচ্ছিল। আমার সম্বন্ধে কর্ণিকা সব জানতে খুবই আগ্রহ দেখাল।

আমি কিন্তু ওকে বললাম, "আমার জীবন সম্বন্ধে তেমন কিছুই বলার নেই। আমার মা এবং ছোট এক বোন আছে। বাবাকে হারিয়েছি অনেক ছোটোবেলায়। তবে মা আমাদের কেবল একটা কথাই সবসময় বলতেন আমরা যেন সবসময় পড়াশুনা করি, কখনো যেন এটার প্রতি অবহেলা না করি। উনি এ ব্যাপারে প্রচন্ড কড়াও ছিলেন। মার কাছে আমরা দুই ভাইবোন এই লেখাপড়ার ব্যাপারে খুবই কৃতজ্ঞ। বাকি সব জিনিস নিশ্চয় মিলনের কাছে শুনে থাকবেন।"

আমি আমার কথা শেষ করে কর্ণিকাকে পাল্টা প্রশ্ন করে বললাম, "এবারে আপনার কথা বলুন, আমারও ভীষণ জানতে ইচ্ছা করছে।"

এ বলার পর পরই রেস্টুরেন্টের হোস্টেস এসে জানালো আমাদের টেবিল রেডি। আমরা আর বিলম্ব না করে আমাদের টেবিলে চলে আসলাম। মেনু দেখে আগেই কোন খাবারের অর্ডার দেব তার জন্য প্রস্তুত ছিলাম। সুতরাং এই পর্ব খুবই দক্ষতার সঙ্গে এবং অল্প সময়ের মধ্যেই সম্পন্ন করেই আমি কর্ণিকার প্রতি আমার কৌতুহল ভরা চোখ দুটি ওর চোখের উপর স্থাপন করলাম।

ও হেসে বলল, "আপনি আপনার প্রশ্ন ভুলতে পারেননি।"

আমার চোখের সম্মতি কর্ণিকা অনায়াসেই উপলব্ধি করতে পারলো। আর কোনও বিলম্ব না করে ধীরে ধীরে ওর বাড়ির ইতিহাস আমার সামনে উন্মুক্ত করে বলল, "আমরা চার ভাই বোন, আমি হচ্ছি তিন নম্বর। উপরের দাদারা

এখন মণিপুরে থাকে আর আমি ও আমার ছোট বোন এই কলকাতার ব্র্যাবোর্ন কলেজে পড়াশুনা করি। আমি এ বছরে আমার কলেজ শেষ করব ইংরাজী সাহিত্যের উপর। ছোট বোন একই বিষয়ের উপর পড়ছে আর ও শেষ করবে দুই বছর বাদে। আমার মার ইচ্ছা যে আমরা মেয়েরা বাংলার প্রভাব যেন পাই এবং সেই জন্য আমাদের কলকাতা পাঠিয়ে দিয়েছেন। আমরা ছোটমাসির বাড়িতে থেকেই কলেজে যাতায়াত করি।"

একটু গ্লাসে চুমুক দিয়ে আবার মৃদু স্বরে আমার চোখের উপর এর চোখ রেখে বলল, "জানেন, আমার মার সাথে কিন্তু আমার বাবার সম্বন্ধ করেই বিয়ে হয়েছিল। তারও এক ইতিহাস আছে। আমার ঠাকুরদা কলকাতায় বহু বছর ছিলেন এবং মণিপুর থেকে আসলেও কলকাতার প্রতি ওনার খুবই আকর্ষণ জন্মে গিয়েছিল আর এটা হয়েছিল কেবল বাংলা ভাষার জন্য। কারণ তিনি যখন প্রথম রবীন্দ্রসঙ্গীত শুনেছিলেন উনি কোনও কারণে এই সঙ্গীতের প্রতি প্রথম থেকেই একটা বড় আকর্ষণ অনুভব করেছিলেন। যার ফলে উনি বাংলা ভাষা বেশ ভাল ভাবেই শিখেছিলেন। এই সময়ে উনি এক বাঙালী পরিবারের সংস্পর্শে আসেন আর তাদের বাড়ির বড় মেয়ের সাথে ওনার বড় ছেলের সম্বন্ধ করে বিয়ে দেন। আমার দাদু বা দিদিমা এ বিয়ের ব্যাপারে কোনও আপত্তি করেন নি। সেই থেকেই আমাদের কলকাতার সাথে যোগাযোগ। আর ঠাকুরদা কখনো মণিপুরে ফিরে যাননি।"

এই সময়ে কর্ণিকা এখানে একটু থেমে নিজের গ্লাসের ড্রিংসে আবার একট চুমুক দিয়ে আরম্ভ করল, "বাঙালী এবং বাংলা ভাষার প্রতি এতটা ভালবাসা জন্মেছিল যে উনি নিজের ছেলেমেয়েদেরও এই ভাষায় স্কুল করিয়েছেন। শেষ বয়সে উনি আবার মণিপুরে ফিরে যান এবং আমার বাবা-মাও ঐ সঙ্গে ঠাকুরদার জন্য ইম্ফলে গিয়ে বসবাস আরম্ভ করেন। আমরা অবশ্য মার পীড়াপিড়িতে স্কুল শেষ করে কলকাতার কলেজে ভর্তি হয়। তারপরে তো সবই জানেন।"

আমি এতক্ষণ খুব মনযোগের সঙ্গে এর কথাগুলি শুনছিলাম। যদিও এর পরের পর্বগুলি কিছুই জানি না, কিন্তু আমি আর এ বিষয়ে কোনও কথা না বাড়িয়ে আমাদের অর্ডারের জন্য অপেক্ষা করতে লাগলাম। কিছুক্ষণের মধ্যেই আমাদের অর্ডার এসে গেল। আমাদের খাবার সমাপ্ত হওয়ার সাথে সাথেই আমরা বিলটার ঝামেলা মিটিয়ে দিয়ে আবার জনসমুদ্রের মধ্যে হারিয়ে যাওয়ার চেষ্টা করলাম। আরো কয়েকটা আশেপাশের প্যান্ডেল ও ঠাকুর দেখে আমরা যখন ঘড়ির দিকে তাকালাম তখন ঘড়িতে বাজে রাত্র দুটো। কর্ণিকা আমাকে ইঙ্গিতে জানাল যে ও বাড়ি যাওয়ার জন্য প্রস্তুত।

আমিও সায় দিয়ে বললাম, "চলুন, আমি আপনাকে আপনার বাড়ি পৌঁছে দিয়ে আসি।"

তার উত্তরে ও কোনও আপত্তি না করে আমাকে নিয়ে বাড়ির রাস্তার দিকে এগোতে থাকলো। বাড়ির দরজার কাছে এসে আমাকে ওর বাড়ির ভিতরে যাওয়ার আমন্ত্রণ করতে আমি একটু ইতস্তত করাতে কর্ণিকা বলল, "আসুন, এক কাপ চা খেয়ে যান। এতে আপনার বা আমার কারোরই কিছু ক্ষতি হবে না।"

আমি আর আপত্তি না করে ওকে বললাম, "বেশ তাই হোক। চলুন।"

বাড়ির ভিতরে নিয়ে আমাকে বসার ঘরে বসতে বলে ও রান্নাঘরে চলে গেল। আমি ওর মাসির ঘর সাজানো ঘুরে ঘুরে দেখতে থাকলাম এবং দেখে যখন সত্যিই খুব বিস্মিত হচ্ছিলাম। ঠিক তখনই কর্ণিকা ট্রেতে করে চায়ের সরঞ্জাম নিয়ে এসে একগাল হেসে বলল, "আমার মাসি ঘর সাজাতে খুবই ভালবাসেন।"

চায়ের সঙ্গে কয়েকটা মিষ্টি পরিবেশন করতে দেখে আমি সত্যি আপত্তি জানালাম। কিন্তু ও কোন কথা না শুনে সবকিছু নিয়ে আমার পাশে নিঃসংকোচে এসে বসল। আমি কিন্তু এর জন্য একেবারেই প্রস্তুত ছিলাম না। এজন্য মনে মনে একটু উত্তেজনাও অনুভব করছিলাম। কিন্তু কোনও কথা না বলে ওর চায়ের পরিবেশন দেখতে থাকলাম। ওর পরিবেশন করার মধ্যে যে একটা আভিজাত্য আছে তা অনায়াসেই উপলব্ধি করলাম। সাথে সাথে পেলাম ওর গায়ের গন্ধ, শাড়ীর স্পর্শ এবং হাতের চুড়ির মৃদু শব্দ আমাকে মাদকাসক্ত করে তুলছে। জানি না কর্ণিকা কি একই জিনিস অনুভব করছে কি না!

তার উত্তর এর কথার স্বর থেকেই বুঝতে পারলাম ও যখন আমাকে কাঁপা স্বরে বলল, "মধুরবাবু, এই আপনার চা আর মিস্টি।"

ও আমাকে একটা কাপভরা চা এবং মিষ্টির প্লেট হাতে তুলে দিল।

আমি তার উত্তরে জানালাম, "অনেক ধন্যবাদ, আপনার চা-মিষ্টি কোথায়?"

"আপনি আরম্ভ করুন, আমি নিচ্ছি।" বলেই ওর স্নিগ্ধ হাসিতে ভরা চোখদুটি আমার চোখের উপর রাখল। আমিও চোখ সরালাম না। আমাদের দুই জোড়া চোখ যেন কৌতূহল ভরা রাজ্যে চলে যেতে চাইছে আর সেই কৌতুহলকে উন্মুক্ত করার আয়োজনে নিজেদেরকে ব্যস্ত করার প্রয়াস পাচ্ছে। আমি মনে মনে সাহস সংগ্রহ করে ওর হাত নিজের হাতের মধ্যে নিলাম আর অনুভব করলাম ওর প্রশ্রয় দেওয়া প্রত্যুত্তর।

আমি কাঁপা স্বরে বললাম, "কিছু মনে করলেন না তো?"

কর্ণিকা নিঃশব্দে আমার আরো গা ঘেঁষে বসল।

আমি উত্তেজিত ভরা গলায় জিজ্ঞাসা করলাম, "মাসি বা আপনার বোন যদি এসে পড়ে?"

"আসলেই বা কি? আপনি ভয় পাচ্ছেন নাকি?"

আমি একটু ভয়ের ভাব দেখিয়ে ওকে আরো কাছে টেনে বললাম, "ভয় পাবো না? ওনারা আমাদের কি ভাববেন?"

ও তার উত্তরে বলল, "আমরা এখন যথেষ্ট বয়সী, আমাদের কি কোনও বিচার শক্তি নেই? এ ছাড়া ওরা কেউ বাড়িতে নেই। ওরা কাল আসবে।"

বলেই নিজের চাহনি দিয়ে আমাকে আরো দুঃসাহসী হবার আহ্বান জানাল। আমিও ওর এই আহ্বানকে পরিপূর্ণ ভাবে হাসিল করার পরিপ্রেক্ষিতে বললাম, "ওরে দুষ্টু, আমি তোমায় মজা দেখাচ্ছি", বলেই ওর ওষ্ঠ দুটিতে আলতো করে চুমু দিলাম।

কর্ণিকা তার প্রতিবাদ না করে আমার চুম্বনকে আগ্রহ সহকারে গ্রহণ করলো। আমরা চা-মিষ্টির কথা একদম ভুলে গিয়ে দুজন-দুজনকে আরো ঘনিষ্টভাবে নিজেদেরকে শারীরিক উত্তেজনার বশীভূত করতে উদ্যত হলাম। মাঝে মাঝে আমরা চুম্বনের স্পর্শে থরথর করে বারেবারে কেঁপে কেঁপে উঠছি আর পরস্পরের দ্রুত শ্বাসপ্রশ্বাসের অনুভূতি আমাদের কোন স্বপ্নরাজ্যে নিয়ে যাচ্ছে।

কখন যে আমরা আমাদের পরস্পরের জামাকাপড় উন্মুক্ত করেছি তা নিজেরাই জানি না। কিন্তু এই করার মধ্যে যে উত্তেজনা আর শারীরিক অনুভূতি রয়েছে তা এক যুবক-যুবতীকে কিভাবে দিশেহারা করে এর আগে আমি কখনো অনুভব করিনি।

মনে হচ্ছে আমি যেন কেবলই স্বর্গের দিকে দ্রুত পদে অগ্রসর হচ্ছি আর কর্ণিকা কিন্তু বিড়বিড় করে আমার নাম উচ্চারণ করে বলছে, "মধুর, তুমি থেমো না।"

পূর্বে এই অর্থ বোঝার সম্মুখীন আমি কখনো হইনি। কিন্তু এই মুহূর্তে যা অনুভব করছি তা যেন আর শেষ না হয়। পর মুহূর্তে আমরা দুজন থরথর করে কেঁপে উঠলাম আর মনে হল আমরা দুজন যেন কোথায় হারিয়ে গেছি। কিছুক্ষন বাদে আমরা নিজেদের আগের সত্তা যেন আবার ফিরে পেলাম, কিন্তু দুজন-দুজনকে ছাড়লাম না, শুধু শক্ত ভাবে দুজন-দুজনকে আলিঙ্গনে বন্ধ রাখলাম আর দিলাম চুমায় ভরিয়ে। ভাবলাম এ জীবনে কখনো এ ভাবে কাউকে এরকম সান্নিধ্যে পাবো তা আমার স্বপ্নের মধ্যেও ছিল না। জানি না ওদিকে কর্ণিকা কি ভাবছে...

গল্প

উপহার

কোহিনূর কর

অ্যারিজোনা, মার্কিন যুক্তরাষ্ট্র

প্রমোদরঞ্জন লাহিড়ী তাঁর স্ত্রী ও সন্তানদের সঙ্গে নিয়ে বাংলাদেশ ছেড়ে কলকাতার অনতিদূরে বারাসাতের কাছে এক মফঃস্বল শহরে এসে উঠেছিলেন উনিশ-শো চল্লিশ সালে। বেশ কিছুদিন খুব সংগ্রাম করে কেটেছে তাঁদের; বিশেষতঃ আর্থিক অনটনের মধ্যে দিয়ে দুবেলা দুমুঠো খাবার জোগাড় করেই নিরাপদে কাটাতে পেরেই পরিবারের সবাই খুশী ছিলেন। স্থানীয় বেশ কিছু দুঃস্থ ছাত্র-ছাত্রীদের বাড়িতে ডেকে উনি পড়াতেন, বিনিময়ে কিছুই নিতেন না। এতটাই জনদরদী ছিলেন প্রমোদবাবু।

কিছুদিন বাদে স্থানীয় হাই স্কুল কমিটি প্রমোদবাবুকে একটি বিশেষ শিক্ষকের পদে বহাল করলেন। তখনকার দিনে মাস গেলে যা সাম্মানিক পারিশ্রমিক পেতেন তাতে বর্ধনশীল সংসারের অনেক প্রয়োজনীয় খরচই চালিয়ে নিতে পারতেন। শিক্ষকতা নিয়ে সারা সপ্তাহ ব্যস্ত থাকলেও বাড়িতে ছেলে-মেয়েদের পড়ানোর অভ্যেসটা উনি ছাড়তে পারেননি। সপ্তাহে একদিন ওনার বারান্দায় সার দিয়ে মাদুর পেতে অঙ্ক, ইংরেজি, সংস্কৃত, সায়েন্স, সবকিছুর চর্চা চলত।

এভাবে স্থানীয় অনেক মানুষের কাছে তিনি পৌঁছোতে পেরেছিলেন, আর সবাই ওনাকে খুব শ্রদ্ধা আর বিনয়ের চোখে দেখতেন। বছরে একবার লক্ষ্মীপুজোর সময় বেশ ঘটা করে অনুষ্ঠান করতেন প্রমোদবাবু; আত্মীয়-স্বজন আর আর প্রতিবেশী মিলিয়ে প্রায় শ'দুই লোক ডাকতেনই। পুজোর প্রসাদ ছাড়াও, জমিয়ে আড্ডা, গান-বাজনা, ওনাদের বাড়িতে বানানো নানা মাপের তুবড়ী জ্বালানো, সব শেষে ভুরিভোজ!

সারাবছর এটা-ওটা তো লেগেই থাকে আটপৌরে বাঙালীদের, আর তারই সঙ্গে কিছু উপহার। তবে দুর্গাপুজোর আগে একটা বড় কাজ ছিল নিকটাত্মীয়দের কিছু না কিছু উপহার দিতেই হবে। আবার সময়ের সাথে সাথে উপহারের ধরন আর তার জন্যে বাজেট দুটোই পাল্টে যেতে থাকে। জন্ম থেকেই প্রমোদবাবুর ছেলে-মেয়ে এমন কী নাতি-নাতনীরাও এসব দেখেই মানুষ হয়েছে। স্বাভাবিক কারণেই পুজোর আগে তাদের পরিবারে উপহার নিয়ে বেশ একটা জল্পনা-কল্পনা-আলোচনা চলতে থাকে।

ষাটের দশক

বই পড়ার নেশা বা ইচ্ছে অনেকের মধ্যে ছিল। ঘুম থেকে উঠে ধর্মগ্রন্থ, টিফিন করার সময় খবরের কাগজ, দুপুরে খাবার সময় একটু মন ভালো করার জন্যে দু'পাতা ম্যাগাজিন, এরকম খেপে খেপে পড়ার একটা আগ্রহ দেখা যেত। আর তাই পাঠ্য বই-এর বাইরের যেকোনও বই মানুষকে খুব টানতো।

শুরু হ'ল মাসতুতো দাদার জন্মদিন দিয়ে। রোববার দুপুরে নেমন্তন্ন। পাঁঠার মাংস আর পোলাও। চয়নের (প্রমোদবাবুর সাতজন নাতি-নাতনীর মধ্যে একজন) মনে হ'ল একটা বই কিনে দিলেই তো হয়। কেনা হ'ল শরদিন্দু অমনিবাস। সেই দাদা বইটা পড়ার পর সবাইকে পড়তেও দিল।

মাস যেতে না যেতেই এক পাড়াতুতো দিদির বিয়ের নেমন্তন্ন এসে গেল। চয়ন বাবা-মা'র সাথে বিয়ের রাতে যাবে। কি দেওয়া যায় ভাবতে ভাবতে মাথায় এল ভারতের নারী। মেয়ের বিয়ে, মানানসই তো! কিছুদিন পরে জানা গেল ওই দিদি একই বই তিনটে পেয়েছে বিয়েতে।

পাশের বাড়ীর সুজয় সেবার স্কুল ফাইনালে ফার্স্ট ডিভিশনে পাশ করেছে। সেই খবর দিতে এক হাড়ি পান্তুয়া নিয়ে ডগমগ হয়ে হাজির হ'ল একদিন সকালে। মনে আনন্দ আর ধরে না। চয়নের মা আশীর্বাদ করে মিষ্টি চা সব খাইয়ে দিলেন। বিকালের দিকে বেরিয়ে সুজয়ের জন্যে স্বামী বিবেকানন্দের উপদেশ দেওয়া একটা চটি বই কিনে এনে ওর হাতে দিলেন।

সত্তরের দশক

প্রমোদবাবুর পাড়া থেকে শুরু ক'রে চারদিকে বেশ কিছু গ্রামেও ইলেকট্রিসিটি পৌঁছে গেছে। নাতি-নাতনিরাও বড় হয়েছে, কেউ চাকরি নিয়ে ব্যস্ত আর কেউ পড়াশোনা। যাঁদের বাড়ীতে নতুন-নতুন লাইট ফ্যান লাগানো হয়েছে তাদের আনন্দের সীমা নেই।

মামাতো বোনের জন্মদিন এল। খুব আড্ডা হবে, খাওয়া তো আছেই। কী করা যায়। একটা টেবিল ল্যাম্প সঙ্গে বাহারী কাঁচের শেড লাগানো। ভেতরে ফিলামেন্ট দেওয়া চল্লিশ ওয়াটের বাল্ব। কাজের জিনিস, আবার দেখতেও ভালো। খুব পছন্দ হয়েছিল।

বিবাহবার্ষিকী পালন করার রীতি দেশে অতটা ছিল না তখন। প্রমোদবাবুর ছেলে-মেয়েরা সবাই ঠিক করল পঞ্চাশতম বিয়ের দিন বাবা-মা'কে সুন্দর করে সাজিয়ে, ভালো কিছু রান্না করে খাওয়ানো হবে। রজনীগন্ধার মালা আর লাল গোলাপের তোড়া থেকে শুরু করে পাত্র-পাত্রীরা যে টোপর-মুকুট পরে বিয়ে করে, সব আয়োজন হয়ে গেল চুপিসাড়ে।

প্রমোদবাবু বুঝে উঠতে পারছিলেন না সবাই যেন কিছু একটা লুকিয়ে যাচ্ছে, বিবাহবার্ষিকীর দু'দিন আগে এত হুড়োহুড়ি আর ফিসফিস চলছে কেন! পরে অনেকটাই ঠিক ধরে ফেলেছিলেন। বড় মেয়ের সাথে একটু পরামর্শ করলেন আড়ালে।

—খুকি (বড় মেয়ের ডাকনাম), পঞ্চাশ বছরে আমি তোর মা'র জন্যে কোনওদিন শখ করে কিছু এনে দিইনি। কী করি বল তো?

—তুমি আবার কী করবে, বাবা? মজা কর, হই-চই কর, ব্যাস।

—না, তা হয় না। ভাবছি রায় জুয়েলারী থেকে কিছু কিনে আনি।

—সত্যি তাই ভাবছো? তো খুব ইচ্ছে হ'লে দাও।

বিয়ের তারিখে সবাইকে চমকে দিয়েছিলেন ওনার স্ত্রীর গলায় একটা দুর্দান্ত সোনার হার পরিয়ে দিয়ে।

সেই একই দিনে আরেকটা বড় চমক ছিল প্রমোদ বাবু আর স্ত্রীর জন্যে। ছেলে-মেয়ে সবাই মিলে একটা বড় দেখে ব্ল্যাক-অ্যান্ড-হোয়াইট টিভি কিনে এনে ওনাদের বসার ঘরে লাগালো। সে যে কী উত্তেজনা, শুধু প্রমোদবাবুর আশপাশের বাড়ী কেন বেপাড়ার অনেকেই একে একে খবর পেয়ে ছুটে আসলো। মিস্ত্রী প্রথমে ভেবেছিল বাঁশের মাথায় অ্যান্টেনা লাগিয়ে কাজ চলে যাবে। কিন্তু বাঁশটা এত মোটা আর ভারী যে ছাদের ওপরে আটকানোর মত কিছু ছিল না। তাই ঠিক হ'ল সরু স্টীলের পাইপ লাগিয়ে ক্ল্যাম্প দিয়ে ছাদের রেলিং-এর সঙ্গে মজমুত করে আটকে দেওয়া হবে।

আশির দশক

বেলবটম প্যান্ট, লম্বা চুলের ফ্যাশন যখন বম্বে আর টালিগঞ্জের স্টার-দের থেকে শুরু করে চারদিকে আলোড়ন তুলেছে, তখন আবার নানাধরণের হাত-ঘড়ি পরাটাও একটা ফ্যাশন হয়ে গেল। আবালবৃদ্ধবনিতা সবার হাতে জড়িয়ে সিকো বা রিকো মার্কা অটোমেটিক জাপানী হাত-ঘড়ি, নয়তো অলউইন বা এইচ.এম.টি. কোম্পানীর দম দেওয়া ঘড়ি, সঙ্গে স্টীলের ব্যান্ড। ঘড়িটা আবার ঘলঘলে হয়ে হাতে ঝুলবে, চামড়ার সঙ্গে টাইট হয়ে লেগে থাকবে না। মনে হ'ত কে কত বড় ব্যান্ড আর ঘলঘলে ঘড়ি পড়তে পারে তার কম্পিটিশন চলছে।

অনেক মধ্যবিত্ত পরিবারে ঘড়ি যেন একটা অলঙ্কারের মত দামী জিনিস। সবার হাতে দেখা যেত না। স্কুল শেষ করে কলেজে পা দেওয়ার আগে ছুটির মধ্যে ছেলের বায়না, একটা ভালো ঘড়ি চাই। মা নিয়ে গেল ঘড়ির দোকানে, পছন্দ হ'ল আর শখও মিটলো।

দেখতে দেখতে বড়মাসির এক ছেলের বিয়ে এসে গেল। দাদা-বউদিকে পছন্দ করে সোনালী ম্যাচিং ঘড়ি উপহার হিসেবে দারুণ দেখায়। তখন আবার এরকম ছিল, ঘড়ির মধ্যের যন্ত্রে যত বেশী সংখ্যায় জুয়েল থাকবে তার তত কদর বা দাম বেশী। বিয়েতে ঘড়ি পেলে সবাই নিয়মিত পরে না, তুলে রাখে কবে একটা বিয়ের নেমন্তন্ন আসবে সেই অপেক্ষায়। তাই বিয়ের ঘড়ি বহু বছর ধরে চকচকে থাকে।

নব্বই-এর দশক

পুজোর আগে প্রমোদবাবুর বাড়ির সেই ট্র্যাডিশন সমানে চলে এসেছে। সবাই সবাইকে জামা-কাপড় দেওয়ার রীতিটা যেন বেশী করে ফিরে এসেছে। অরিজিনাল সিল্ক-এর বদলে সিনথেটিক কাপড় বাজারে ছেয়ে গেছে। স্টাইল একটু একটু করে বদলেছে।

মা, মাসী, দিদিমা, ঠাকুমাদের শাড়ী দিলেই খুশী। কিন্তু ছেলেদের জামাকাপড় নিয়ে একটা সমস্যা থেকে যায়। কত সাইজের পাঞ্জাবী বা জামা হিসেব করে বার করা বেশ ঝামেলার। তখন রেডিমেড কেনা প্যান্ট কেউ বিশেষ পড়তো না। পাড়ার গোবিন্দদার দোকানে প্যান্ট আর জামার কাট-পিস নিয়ে, ঘন্টাখানেক আড্ডা মেরে, চা-সিগারেট শেষ করে, চুলচেরা অঙ্গ-প্রত্যঙ্গের মাপ নিয়ে বানানো হত আটোসাটো পোশাক। ফিট করতেই হবে, মানে টানটান হয়ে চামড়ার সাথে লেগে থাকবে; নাহলে যেন মুখ দেখানো যাবে না বাইরে।

একবার খুব মজার ব্যাপার হয়েছিল। প্রমোদবাবুর সেজ মেয়ে তার বড়দাদাকে সাদা-কালো চেক-চেক প্যান্টের পিস সুন্দর একটা ব্যাগে ভরে দিয়ে এলেন। উনি দেখেই রেখে দিলেন, আলমারিতে কত প্যান্ট-জামা ধরাই আছে, সব তো পরা হয় না। উনি ওটা পাড়ার নামী একটা দোকানের বাক্সে ভরে এক ভাগ্নী-জামাইকে দিয়ে দিলেন।

সে জামাই তো অল্পবয়েসি; তার পছন্দ একটু অন্যরকম। সে ওই প্যান্ট পিসটা নিজের শ্বশুরকে দিয়ে এল। এবার সেই শ্বশুরের অত জামা-প্যান্ট বানানোর শখ নেই। উনি তার এক শালীর ছেলেকে পিসটা সুন্দর করে মুড়ে দিয়ে দিলেন। তার বয়েস তো খুব কম, সবে হাই স্কুল পার করে কলেজে যেতে শুরু করেছে। জীন্স আর টিশার্ট পরতে ভালোবাসে। ও তখন ওটাকে সেজ-মেশোর সঙ্গে দেখা করতে যাওয়ার সময় সুন্দর একটা গিফট-ব্যাগে ঢুকিয়ে নিয়ে দিয়ে এল।

পুজো চলে গেল। হঠাৎ সেজমাসী জিজ্ঞেস করে বসল, মেশোকে যে প্যান্ট-পিসটা দিয়েছিলি ওটা কোথা থেকে কিনেছিস? আমতা আমতা করে উত্তর দিল, জানিনা, ঘরে ছিল, নিয়ে গেছিলাম। এবার কথায় কথায় জট খুলতে খুলতে সেজমাসী ঠিক বার করে ফেলল যে ওই পিসটা আসলে ওনারই কেনা, বড়দাকে দেওয়া হয়েছিল। ভাবুন অবস্থা!

নতুন শতাব্দী

যুগ পাল্টাচ্ছে, অসম্ভব গতিতে বিজ্ঞান আর প্রযুক্তি এগিয়ে চলেছে। যখন প্রথম সেলফোন বা মোবাইল ফোন বাজারে এল কত সহজ ছিল যন্ত্রটা, এক থেকে নয় আর শূন্য আর দু'একটা বাড়তি বাটন। পুরো ফোন নম্বর ডায়াল করে কল করতে হত। তারপর শুরু হল মেমোরিতে কিছু ফোন নম্বর রেখে সেখান থেকে ডায়াল করা।

এল ফোল্ডিং ফোন, ব্ল্যাকবেরী, সব শেষে স্মার্টফোন। যেমন ফোনের বিবর্তন দেখেছি আমরা, আনুষঙ্গিক জিনিসগুলোও ধাপে ধাপে অনেক পাল্টেছে। তার-লাগানো হেডফোন থেকে এল ওয়্যারলেস ব্লু-টুথ হেড-সেট। ফোনের সাইজ কখনও ছোট, কখনও বড়, এখন তো হাতঘড়ির মধ্যে সব খবর পৌঁছে যায়।

এরকম বিবর্তনের ভালো দিক যেমন আছে, খারাপ দিকও আছে। ইলেক্ট্রনিক গ্যাজেট বেশীরভাগই এখন ইউজ-অ্যান্ড-থ্রো, মানে গড়ে দু'বছর হয়তো ভালো চলবে। তারপর যদি চলতে থাকে তো কপাল ভালো ধরে নেওয়া হয়।

আজকাল সবচেয়ে বড় সমস্যা প্রাচীনপন্থীদের, যখন তাঁরা কারও জন্যে কোনও উপহার কিনতে যান। সোনা-রুপো-কাঁসা-পিতল এসব ছাড়ুন, একটা বই কিনে দেবার আগেও অনেক চিন্তা। হার্ড-কপি পড়বে তো, নাকি পিডিএফ ডাউনলোড করে পড়বে? ঘর সাজানোর জিনিস কিনতে গেলে মনে হয় অন্যান্য আসবাবের সাথে মিশবে তো? দেওয়াল ঘড়ি বা হাতঘড়ি দেওয়াটাও কেমন যেন, খুব কাছের মানুষদের হয়তো দেওয়া চলে। তাও পছন্দ হবে কিনা কে জানে!

এভাবে ভাবতে ভাবতে শেষে মনে হয় টাকা দিয়ে দিলেই ঝামেলা চুকে যায়, নিজের পছন্দমত কিছু কিনে নেবে। তার মানে উলটে তারাও হয়তো টাকাই দেবে। আজকাল তো আবার ক্যাশ টাকা বেশি চলে না। অনেকেই ইলেক্ট্রনিক ট্রান্সফার করে। তাহলে কী দাঁড়ালো, আমি কাউকে ঘরে বসে টাকা পাঠিয়ে দিলাম, সেও উলটে টাকাই পাঠাবে আন্তর্জালে।

মার্কিন মুলুকে তো পাত্র-পাত্রী বিয়ের বছর-খানেক আগেই ঠিক করে রাখে কী কী জিনিস তাদের সংসারে লাগবে। সেইমত একটা লিস্ট দু'চারটে অনলাইন দোকানের লিঙ্ক দিয়ে নিমন্ত্রণ-পত্রের সাথে জুড়ে দেয়। সোজা হিসেব। আশীর্বাদ কর বা না কর, পছন্দের জিনিসের বাইরে কিস্যু দেওয়া চলবে না, নেবেই না তারা।

প্রমোদবাবুর সমসাময়িক কেউ হয়তো আর বেঁচে নেই। কিন্তু উৎসব অনুষ্ঠানের কমতি নেই। সবাই সব কিছু ঝটপট করতে চায়। প্রয়োজনের বাইরে কিছু চায় না। উপহারের পরিবর্তে আশীর্বাদ বাঞ্ছনীয় এ কথাটা আর শোনাই যায় না, বরং উল্টোটাই হয়তো মনে মনে চায়। একসময় খুব আন্তরিকতার সঙ্গে একটা সামান্য উপহার হাতে নিয়ে অনেকে নিমন্ত্রণ রক্ষা করতে পারতেন। এখন উপহারের সংজ্ঞা পাল্টেছে, পাল্টেছে চাহিদা, মানসিকতা, আর সামাজিকতার ঢং।

আমাদের জীবন যদি অনন্ত হত তাহলে বড় মুস্কিল হয়ে যেত। প্রমোদবাবু স্মার্ট-ফোন খুলে বিয়ের লিঙ্ক থেকে উপহার ঠিক করে পাঠানোর কথা স্বপ্নেও ভাবতে পারতেন না। জমিতে বছরের পর বছর ফসল করতে করতে একটা সময় যেন রসদ হারিয়ে ফেলে, আর কিছু হতে চায় না। আমাদের জীবনেও একটা নির্দিষ্ট সময়কাল অবধি একটার পর একটা পরিবর্তন আর বিবর্তনের চাপ নেওয়া সম্ভব হয়। তারপর ছেড়ে দিতে হয়। এই সহজ কথাটা ভাবলেই মনে হয় মৃত্যুও আমাদের জীবনে একটা বড় উপহার। ওপরওয়ালার মস্তিস্ক-প্রসূত উপহার, যা আমরা না চাইলেও একদিন প্রত্যেকের জীবনে আসতে বাধ্য, এটা নিয়ে ভাবার আগেই আমরা চাওয়া-পাওয়ার অনেক ওপরে চলে যাই।

কবিতা

আলো আঁধার

মহুয়া সমাদ্দার
কলকাতা, পশ্চিমবঙ্গ

একেক সময় অন্ধকারই ভাল
আলোর কাছে প্রশ্ন অনেক বেশি
প্রশ্ন মানেই হাহাকার আর ভয়ে
সময় তখন দারুণ সর্বনেশী।

বিপদ বলো কে আর কাছে চাইছে!
কে আর খোঁজে শত্রুর মুখে আলো!
সম্পর্ক বিপজ্জনক হলেই
ঘড়ির কাঁটা ভীত, অগোছালো।

সময় মানে হারিয়ে যাওয়া নয়
সময় মানে জিতে আসাও ঠিক
সময় হলেই ভালোর মুখোশ ছিঁড়ে
বহুরূপী মুখ ভীষণ দানবিক।

একেক সময় অন্ধকারই ভাল
আলোর শিখায় দাবী বেশি পোড়ে
অন্ধকারে বৃষ্টি পড়ে তবু
মানুষ ঘামে আমার এই শহরে।

পদাবলী

মানসী কবিরাজ
শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ

এসব আমি নই, আমারই টকে যাওয়া স্বপ্ন দেয়ালা
অস্থির রাত যত বাড়ে, শুরু হয় অশরীরী খেলা
যে তুমি প্রেমিক খুব ভুসো মাখা রং আর রসে
খুলেছি গোপন স্রোত, ধরা দেবে জানি অবশেষে
তাবিজ মাদুলি করো জল-পড়া আনো হাতে হাতে
আমিই সাপিনী জেনো, মজে থাকি মজাইও ওসকাতে
ভেবেছো দিয়েছ চাল, হবেই কিস্তিখানা মাৎ
দুধ ও কলায় পোষা বিষ, আসলে যে আমারই স্যাঙাৎ
তবুও সন্ধ্যা যদি ভ্রম বশে পাত পাড়ে তুলসিতলায়
অবোধ ঘরনি হতে চেয়ে ভিতর সলতে পুড়ে যায়

যে শিশু ভূমিষ্ঠ হয়েছিল আজ রাত্রে

অলকেশ দত্তরায়
ম্যাসাচুসেট, মার্কিন যুক্তরাষ্ট্র

সে কোনও খবরই দিতে পারবে না।
কারণ—
সে আর বেঁচে নেই!

কোনও এক রাতের অন্ধকারে
লিবিয়া ইরান আফগানিস্তান প্যালেস্টাইন মেক্সিকো
স্বদেশ বিদেশ সবদেশেরই বর্ডারক্রসিং পার হয়ে
শরণার্থীদের শিবিরগুলোয়
তাকে দেখা গিয়েছিল গতকাল।

আর আজ
বোমারু বিমানের ফেলা বোমায়
স্নাইপারের বুলেটে
তার ছোট্ট দেহটা ছিন্নভিন্ন হয়ে পড়ে থাকতে
লেগেছিল ঠিক এক সেকেন্ডেরও কম সময়।

সে আর আজ রাত্রে জন্ম নিতে পারবে না!
সে আর কোনও ছাড়পত্র দিয়ে যেতে পারবে না!

সুতরাং—
আজ কাল পরশুর শিশুকে নিয়ে
কোনও নতুন কবি
আবার যেন নতুন করে
কবিতা লিখতে চেষ্টা না করে

কবিতা লিখলেও সেই শিশু আর ভূমিষ্ঠ হবে না!

কবিতা

পাহাড়ে বেড়াতে গেলে

শর্মিলা বন্দোপাধ্যায়
পেনসিলভেনিয়া, মার্কিন যুক্তরাষ্ট্র

পাহাড়ে বেড়াতে গেলে
ভুলে যাওয়া গানেদের সঙ্গে দেখা হয়
পাথরের ভাঁজে মেঘ হয়ে আছে
যেন ছুঁলেই জল হয়ে যাবে
হাত না বাড়িয়ে তাই
শুধু হাসি দিয়ে প্রীতি বিনিময়

পাহাড়ে বেড়াতে গেলে দেখি
সন্ধের গোধূলিতে
খাদের কিনারায় দাঁড়িয়ে আছে
অভিমান, হাহুতাশ
যেন ছেড়ে যাবে আমায়,
বেছে নেবে আত্মহনন
দেখেও না দেখার ভান করি
জানি মন বদলাবে, জড়িয়ে ধরবে
পাহাড়ে যে ইচ্ছে হয় সেতো আর সত্যি নয়

পাহাড়ে বেড়াতে গেলে
হারিয়ে আসি কত কিছু
বাঁক ঘোরা বেঞ্চিতে কে যেন পাশে এসে বসে
বলে, খুব চেনে আমায়
বলে গতবার ওখানেই ফেলে গেছি লাল দস্তানা
অথচ ফিরিয়ে দেয় নীল আলোয়ান
পাহাড়ে বেড়াতে গেলে হিসেব মেলে না
আলো অন্ধকারে,
কে যেন দূরে প্লাটফর্মে
দাঁড়িয়ে থাকে ফেরার সময়।

অবলা বেচারা

শঙ্খ চক্রবর্তী
দমদম, পশ্চিমবঙ্গ

মাঠ আছে, গান আছে,
আছে আঁধার, আছে আলো,
রয়েছে আকাশ ছাড়া ছাড়া,
তবু একাকীত্বে ভোগে ওই
অবলা বেচারা।

শোনে না নদীর ডাক, বোঝে না
জলধারা, বাতাস দেয় না ছোঁয়া,

লুকিয়ে থাকে তারা,
শুধু একাকীত্বে ভোগে ওই
অবলা বেচারা।

আমরা হাঁটছি

দিলীপ চক্রবর্ত্তী
নিউ জার্সি, মার্কিন যুক্তরাষ্ট্র

আমরা হাঁটছি সামনে, একটু একটু করে এগোচ্ছি
দুর্নীতির কাঁটা, বঞ্চনার ক্ষতের জন্য
আজ আমাদের পা রক্তস্নাত, আমাদের বঞ্চিত
বেদনার্ত হৃদয় আজ অদম্য, আমরা কিন্তু
থেমে নেই আমরা হাঁটছি।

আশ করছি সামনেই পাবো শান্তি আর
ন্যায়ের কুসুম কুসুম নরম সবুজ ঘাস,
আর আমাদের চিরকাঙ্খিত
নতুন আশাপূর্ণ ন্যায়সূর্য, আমরা থেমে নেই,
আমরা হাঁটছি,

তোমরাও এসো আমাদের সাথে পা মেলাও,
বুঝতে পারবে কি অপরিসীম তোমার
শক্তি, কথা দিচ্ছি তোমরাও হাঁটবে সকলের সাথে,
খুঁজে পাবে নতুন আশার আলোক দিগন্ত।

অত্যাচার আর অত্যাচারীর নেই কোন জাত,
নেই ধর্ম, ওরা লোভী, ওরা দুর্বল—তোমার
দৃঢ় সংকল্প আর পদ সঞ্চালনে ওরা ভীত, সন্ত্রস্ত
পালাবার পথ খুঁজছে, ওরা জানে তোমার
স্থির প্রত্যয় আর সত্যের বাণে ভ্রষ্টাচারীর মৃত্যু
নিশ্চিত, কারণ তোমরা আমরা প্রতিজ্ঞাবদ্ধ,

হাঁটছি আর সামনে এগোচ্ছি।
ওই দেখ আশার উজ্জ্বল চূড়ায় আজ
সূর্যের আলোক ছড়িয়ে পড়ছে আমাদের
নতুন জীবনের বর্ণময় রশ্মির ইঙ্গিত।
আমরা থামব না তুমি, আমি, আমরা
সকলে হাঁটছি, আমাদের লক্ষ্য সুন্দর
শোষনহীন সমাজে ন্যায় ও সত্যের
প্রতিষ্ঠা।

ততদিন আমরা থামছি না, আমরা হাঁটছি।

প্র ব ন্ধ

কবি রবির বুনিয়াদ নতুন বৌঠান

শাশ্বতী পাল

কলকাতা, পশ্চিমবঙ্গ

ভৃত্যদের নজরবন্দি তোশাখানা বা চাকরমহলে কেটেছিল রবীন্দ্রনাথের শৈশব। সারাদিন সম্পর্ক থাকতো না মায়ের সঙ্গে। আর পিতার খড়মের আওয়াজটুকুই ছিল তাঁর সান্নিধ্য লাভ। তাই একাকী রবির মন দখল করেছিল জানলার বাইরে কাছে-দূরের গাছ, মাঠ, পুকুর আর দিগন্ত বিস্তৃত আকাশ। এই ভাবে সেই ছোটবেলা থেকেই প্রকৃতির সঙ্গে সখ্যতা গড়ে ওঠে শিশু রবির। তাঁর ঘরের জানলা দিয়ে যতদুর দেখা যায় ততটা নিয়েই তাঁর জগত গড়ে ওঠে।

ভৃত্যদের কড়া শাসন আর তাদের অবহেলা, এই ছিল প্রাপ্য। অবশ্য তাদের মুখে শোনা রামায়ণ পাঠ, তাদের লোকগাথা, লোকসঙ্গীত—এগুলোই হয়ে উঠেছিল তাঁর পরবর্তী জীবনের অমূল্য সম্পদ। তোশাখানার খোলা জানালা ছোট্ট রবিকে ভাবুকও প্রকৃতিপ্রেমী করে তোলে।

এভাবেই কেটে গেল জীবনের সাতটা বছর। স্কুলে যেতে ভালো লাগতো না বলে বাড়িতেই পড়াতে আসতেন গৃহশিক্ষকেরা। বাবা, কাকা, দাদারা ছিলেন ঠাকুর বাড়ির উজ্জ্বল নক্ষত্র। আর চির-অবহেলিত ছোট্ট রবি ছিল মাতৃস্নেহের কাঙাল। তাঁর শারীরিক, মানসিক কোনো পরিচর্যার দিকেই মা সারদা দেবীর তেমন লক্ষ্য ছিল না। তাঁর ব্যস্ততা ছিল বড় তিন ছেলেকে ঘিরে। আর রবি ছিলেন তাঁর কালো ছেলে। সাহেবিয়ানায় মোড়া ইংরাজি শিক্ষায় শিক্ষিত ঠাকুর পরিবারে ছোট রবির তেমন কদর ছিল না।

তবুও তাঁর বুকে বয়ে চলতো মাতৃ ব্যাকুলতার এক চোরা স্রোত। অন্তর তাঁর মাঝে মাঝে বিদীর্ণ হয়ে যেত এই আকুলতায়। পরবর্তীকালে প্রথমে বড়দি ও তারপর কাদম্বরী বউঠানের স্নেহপ্রাচুর্য তাঁকে অনেকটাই মাতৃস্নেহ বুভুক্ষু থেকে মুক্তি দিয়েছিল। রবীন্দ্রনাথের কথাতেই কাদম্বরী বউঠানের স্নেহসান্নিধ্যের এক টুকরো ছবি এখানে তুলে ধরলাম। তাঁর স্মৃতিচারণে নিজের ছেলেবেলা প্রসঙ্গে তিনি বলেছেন, 'এত অনাদরে মানুষ হয়েছি, কেউ দেখত না আমাদের। ভালোই এক হিসাবে। সর্ব প্রথমে বড়দি, তার পরেই নতুনবৌঠান আমাকে কাছে টেনে নিলেন। সেই প্রথম আমি যেন জীবনে আদরযত্ন পেলুম। এত দুর্মূল্য সেটা লেগেছিল তা বলতে পারিনে। এত ভালোবাসা তাঁরা দিয়েছিলেন—এত প্রচুর পরিমাণে। এক হিসাবে আমাকে মাটি করেছেন; পড়াশুনা করতুম না, চিরকাল কেমন তাই মুখ্যু হয়েই রইলুম।'

এই সময়ের মধ্যেই লিখে ফেলেছেন 'আমসত্ব দুধে ফেলি'। তাঁর এই লেখনী গুণের কদর করতেন তাঁর জ্যোতিদাদা। আর স্নেহ দিতেন বড় দিদি। তেতলার ঘর এমনিতেই রবির খুব প্রিয় জায়গা ছিল। সে ঘরেই তিনি নিজেকে 'লিভিং স্টোন' রূপে আবিষ্কার করেন।

এমন সময়ে তাঁর সাত বছর বয়সে তেতলার ঘরে নতুন হাওয়া নিয়ে এলেন মাতঙ্গিনী গঙ্গোপাধ্যায়। ন-বছর বয়সী শ্যামবর্ণাকৃশাঙ্গী বালিকা। তার জ্যোতিদাদার স্ত্রী, নতুন বৌঠান। ঠাকুর বাড়িতে নাম হল কাদম্বরী।

পিরালি ব্রাহ্মণ হওয়ায় জ্ঞানদানন্দিনী ছাড়া কেউই ঠাকুর বাড়ির ছেলেদের সমকক্ষ ছিলেন না। সকলেই ছিলেন নিম্ন মধ্যবিত্ত, ইংরাজি না জানা পরিবারের।

অবশ্য কাদম্বিনীর শিক্ষার আগ্রহ দেখে তাঁর পড়বার ব্যবস্থা হয়েছিল। ছিলেন সাহিত্যমনস্কা। তাই কাছাকাছি বয়সী রবি ও তার বৌঠান হয়ে উঠলেন অকৃত্রিম বন্ধু, খেলার সাথী ও সাহিত্য চর্চার সঙ্গী। সেই সঙ্গে রবির প্রেরণাদাত্রী। মাতৃস্নেহ বঞ্চিত রবিকে কাদম্বিনী ভরিয়ে দিলেন মাতৃস্নেহে।

চোদ্দ বছর বয়সে রবীন্দ্রনাথ হলেন মাতৃহারা। নিঃসন্তান কাদম্বরী মায়ের স্থান দখল করলেন রবীন্দ্রনাথ ও সোমেন্দ্রনাথের। বৌঠানের আমসত্ব পাহারা দেওয়া, সুপুরি কাটায় সাহায্য করতেন রবি।

স্মৃতিচারণে কবি লিখেছেন, ''মনে পড়ে নতুন বৌঠান দুপুরবেলা বালিশে চুল এলিয়ে দিয়ে 'বঙ্গাধীপ পরাজয়' পড়তেন—মাঝেমাঝে আমিও পাশে বসে

পড়ে শোনাতুম তাঁকে। কোথায় গেল সে-সব দিন। মাকে আমরা বেশি পাইনি। আমার বড়দিই আমাকে মানুষ করেছেন। তিনি আমাকে খুব ভালোবাসতেন। মার ঝোঁক ছিল জ্যোতিদা আর বড়দার উপরেই। আমি ছিলাম তাঁর কালো ছেলে। মেয়েরা যে কত স্নেহ ঢেলে দিতে পারে সেই দেখলুম যখন নতুন বৌঠান আমাকে হাতে নিলেন। আমি তো বাড়ির কালো ছেলে, সেই কালো ছেলেকে তিনি কতখানি স্নেহ করতেন, এখন তা বুঝতে পারি। স্কুল থেকে ফিরে আসতুম, ঘরের দরজার পাশে চটি জুতোজোড়া, বুঝতুম তিনি রেখে দিয়ে গেছেন যত্ন করে। কত রকম রান্না করে এনে আমাকে খাওয়াতেন। একদিন কী হয়েছিল—অভিমান হয়েছিল আমার, আমি কোথায় দৌড় দিলুম। খুঁজেপেতে এনে আদর করে অভিমান ভাঙালেন। কত আদর। তাঁর মধ্যে যেন গভীর ভালোবাসার একটা উৎস ছিল। অথচ আমার কিছু প্রশংসা করা সেটা যেন ঠিক নয়। আমার কাব্য—তার চেয়ে বেহারী চক্রবর্তীর কাব্য ভালো। আমার গলা—তার চেয়ে সোমদা'র গলা, সে অনেক ভালো; শোনো কথা একবার। আর দেখতে আমাকে—এমনই বা কী। বড়ো দুঃখ হতো, আয়নার সামনে গিয়ে ভাবতুম কোনখানে সংশোধন করলে ভালো হয়। ঝগড়া নিয়তই হত, চাবি চুরি করা আমার রোগ ছিল। যখন পেরে উঠতুম না চাবি চুরি করতুম তাঁর। সমস্ত তেতলার ছাদে খোঁজ চলত—কোথায় চাবি, কোথায় চাবি। সেই তেতলার ছাদটা যেমন ভালো লাগত, এমন বড়ো তো আর কোথাও লাগত না। সেটা তো অন্তঃপুরের তেতলার ছাদ। ঐ একটা সিঁড়ি, একটা ঘর, বেশি তো ভড়ং ছিল না। একটা কাঠের ঘর ছিল, সেইখানেই তরকারি বানানো হত—আর একখানি ঘর সেখানাই তাঁর বসবার, শোবার। সেই ছাদখানিই আমার খুব প্রিয় ছিল আর কি। সে-রকম তেতলার ছাদ আর হবে না, পাঁচিল দিয়ে ঘেরা। দেখতুম, আকাশে মেঘ করে আসত, আমার চিরকালের আনন্দ। এক-একদিন আবার পুতুলের বিয়েতে ভোজ হত। সে রীতিমতো খাওয়ানো। নতুন বৌঠান বলতেন—রবি ঠিক ওনার মতো করে খায়। তা খাব না তো কী। কী রকম ছেলেমানুষ ছিলুম। এখনকার কালের সঙ্গে কত তফাত।''

সেই তেতলাকে কাদম্বরী সাজিয়েছিলেন নিজের হাতে। সেখানে তাঁর নান্দনিক প্রতিভার পরিচয় দিয়ে তিনি নিজেকে ঠাকুর বাড়ির যোগ্য বউ হিসেবে প্রমাণ করেন।

কাদম্বরী নিজে অসাধারণ সাহিত্য-প্রেমিক ছিলেন। তৎকালীন বাংলা সাহিত্যের প্রতি তাঁর আগ্রহ ছিল। তিনি সাহিত্য শুধু পড়ার জন্য পড়তেন না, তাই নিয়ে আলোচনা করতে ভালবাসতেন। রবীন্দ্রনাথ তাঁকে বাংলা সাহিত্যের অনেক উপন্যাস পড়ে শোনাতেন। রবির কাছে গল্প শুনতে শুনতে দুপুরবেলায় হাতপাখা দিয়ে হাওয়া করতেন তিনি। সেই সময়ে 'ভারতী' পত্রিকা নিয়েও তাঁর ভাবনা ছিল। অথচ তিনি থাকতেন পুরোপুরি অন্তরালে। আধুনিক মনস্ক জ্যোতিরিন্দ্রনাথ স্ত্রীকে ঘোড়ায় চড়া শেখানো ও ঘোড়ায় চেপে বেড়াতে নিয়ে যেতেন। কাদম্বরীর জন্যই ঠাকুরবাড়ির অন্দরমহলের দরজা নারী এবং পুরুষের জন্য অবাধ হল। তেতলার ছাদে নিয়ম করে সাহিত্যসভা বসতো। সেখানে বাড়ির যেমন, তেমনি বাড়ির বাইরের অনেকেই আসতেন। কাদম্বরী বিহারীলাল চক্রবর্তীর কবিতা পড়তে ভালোবাসতেন। তাঁকে নিমন্ত্রণ করে খাওয়ানো বা নিজের হাতে আসন বুনে উপহারও দিয়েছেন। সন্ধেবেলায় পরিপাটি গানের আসর বসতো তাঁর পৃষ্ঠপোষকতায়। মাদুরের উপর তাকিয়া, রুপোর রেকাবে ভিজে রুমালের ওপর বেলফুলের গোড়ের মালা, এক গ্লাস বরফজল, বাটা ভর্তি ছাঁচি পান সাজানো থাকতো। কাদম্বরী গা ধুয়ে চুল বেঁধে বসতেন সেখানে, জ্যোতিরিন্দ্রনাথ বেহালা বাজাতেন আর রবীন্দ্রনাথ চড়া সুরে গান গাইতেন।

এভাবেই কাব্য, সুর, রোম্যান্টিকতা গড়ে উঠেছিল রবীন্দ্রনাথের মধ্যে। যার প্রতিফলন ঘটেছে তাঁর কালজয়ী সৃষ্টিতে। কবিতা ও গল্প লেখার প্রেরণাদাত্রী ও প্রথম শ্রোতা এবং সমালোচক ছিলেন এই নতুন বৌঠান। আর রবি ছিলেন দাদা-বৌদির সব জায়গার পথসঙ্গী।

মায়ের মৃত্যুর শোক তিনি তেমন পাননি। কারণ মায়ের সান্নিধ্য পেয়েছেন কম। উপরন্তু বৌদির স্নেহাঞ্চল মায়ের মৃত্যুর সব তাপটুকু শুষে নিয়েছিল। কিন্তু কাদম্বরী বৌঠানের মৃত্যুতে তিনি মৃত্যুর বেদনা কী, ও বিচ্ছেদ কতটা অসহনীয় হয়ে উঠতে পারে, সেটা হৃদয় নিংড়ে উপলব্ধি করেছিলেন।

কমিউনিটি নিউজ

শিবপুর প্রাক্তনীর ১৬৩তম রবীন্দ্র জন্মোৎসব

সুমনা ও পার্থর করা 'রবীন্দ্রনাথ ৮০ মিনিট' তথ্যচিত্র প্রদর্শিত হয়েছে ১০ই মে, ২০২৪।

বাঙালিদের কাছে রবীন্দ্রনাথ সম্বন্ধে কিছু বলতে যাওয়া মা-র কাছে মামাবাড়ির গল্প করা। কিন্তু আমি যখন USA তে graduate studies করতে গিয়ে New York RK Mission library তে ১৯৩১ এ প্রকাশিত Golden Book of Tagore প্রথম দেখলাম তখন মনে হল মামাবাড়ির চৌহদ্দিটা দিগন্ত বিস্তৃত এবং রবীন্দ্রনাথকে বিশ্বের নমস্য ও প্রসিদ্ধ মনীষীরা হিমাদ্রির শীর্ষাসনে স্থাপন করেগেছেন। রবীন্দ্রনাথের ৭০তম জন্মবার্ষিকীতে বিশ্বের দেওয়া এই অমূল্য উপহার ৩৬৪ পাতার বই, আমার পরিবারবর্গ, বন্ধুবান্ধব কেউই জানতেন না।

আমার HS graduation year 1961 - সমস্ত পৃথিবীতে রবীন্দ্রজন্ম শতবার্ষিকী উদযাপিত হচ্ছিল। সেই বছরে শিবপুরে পড়তে গিয়ে দেখলাম সতীর্থ, সহানুধ্যায়ী অনেকেই রবীন্দ্রচর্চায় আগ্রহী ছিলেন। পার্থসারথি মুখার্জি বলেছিলেন তাঁদের বাড়িতে সে পর্যন্ত প্রকাশিত রবীন্দ্রসংগীতের সব রেকর্ডই পাওয়া যাবে। অরূপ দাসগুপ্ত ভালো গাইতেন। জয়দেব ভট্টাচার্য বটুক নন্দীর কাছেguitar এ রবীন্দ্রসংগীত বাজাতে শিখতে যেতেন। দিব্যবিভ দেব,

অর্কদার ভাই দক্ষিণীতে গান শিখতেন। আমার roommate ত্রিপুরার শ্যামল ভট্টাচার্য হাতে কর গুনে কিভাবে তাল গোনা যায় তা শিখিয়েছিলেন। Social, College Reunion-এ নামী ও দামী রবীন্দ্রসংগীত শিল্পীদের অনুষ্ঠান অপরিহার্য ছিল। পরিবার ও পরিমণ্ডল দুর্নিবারভাবে রবীন্দ্র অনুপ্রাণিত, অনুকূল ছিল বলেই NY Golden Book of Tagore দেখে বিস্মিত, আনন্দিত এবং অত্যন্ত বিষণ্ণ হয়েছিলাম এই জন্য যে এই আগুন এখানে ছাইচাপা কেন?

কেন আমরা আমাদের ছাত্রাবস্থায় এই মহামূল্য সম্পদ কলকাতায় দেখতে পেলাম না? রবীন্দ্রনাথ ও বিশ্ববাসী অবশ্যই অপূরণীয় ক্ষতিগ্রস্ত তাঁর এই দুর্লভ সম্মান যথাসময়ে সর্বসমক্ষে না আনায়। এই অদূরদর্শিতার কোনও ক্ষমা নেই।

রবীন্দ্রমৃত্যুর প্রায় ৫ বছর পরে তাঁর সাহিত্যসচিব অমিয় চক্রবর্তী USAতে স্থায়ীভাবে বসবাস করতে এলে আইনস্টাইন তাঁকে Princeton এ Institute of Advanced Studies এ ডেকে member করে নেন। ১৯৩১ এ দুই মনীষীর শেষ দেখা হলেও রবীন্দ্রনাথআইনস্টাইন এর সঙ্গে যোগাযোগ রেখেছিলেন পোস্ট কার্ড লিখে তা আমি দেখেছি। এঁদের মধ্যে কথোপকথন অমিয়বাবুই স্বহস্তেলিখে নিয়েছিলেন, এ কথা আইনস্টাইন এর নিশ্চয়ই মনে ছিল।

Film এ যে Albert Schweitzer কে আপনারা দেখবেন, অমিয় চক্রবর্তী তাঁর কাছে গেছলেন on a pilgrim's visit.

সম্পর্কে অমিয়বাবু আমাকে বলেন কোন সভ্য মানুষ আফ্রিকার সেই জঙ্গলে ১ দিনও থাকতে পারবে না।

মানবহিতৈষী এই ঋষি প্রাচ্যবিদ্যা ও জ্ঞান অনুধাবন করে Indian Thought and its Development বই লিখলেন এবং আধুনিক ভারতের পথিকৃৎ হিসাবে যে ৯ জনকে চিহ্নিত করলেন, তাঁদের মধ্যে ৭ জনই বাঙালি - রামমোহন, দেবেনঠাকুর, রবীন্দ্রনাথ, কেশব সেন, শ্রীরামকৃষ্ণদেব, স্বামীজী, শ্রীঅরবিন্দ। যে দুজন বাঙালি নন তাঁরা হলেন মহাত্মাগান্ধী ও দয়ানন্দ সরস্বতী।

Internet থেকে Schweitzer-এর উপরোক্ত বইটি আপনারা free download করতে পারবেন।

সংযোজন

জীবনে কয়েকজন অসামান্য পুরুষ/অসামান্যা নারীর দেখা পেয়েছি—সেই সুযোগের যতটা পেরেছি সদ্ব্যবহার করেছি—এই ছবি করতে সাহায্যকারিণী আমার লোকান্তরিতা স্ত্রী সুমনাকে স্মরণ করি। তিনি আমার দেখা সকল নারীর মধ্যে সব থেকে অনন্যা, অসামান্য গুণের অধিকারিণী ছিলেন। তাঁর অসাধারণ গুণরাজিতে মুগ্ধ Livingston Township library তে ৩টি plaque নির্মিত হয়েছে তাঁর সহকর্মী ও সহকর্মিণীদের দ্বারা। শেষ plaque টির জন্য পার্থ ভট্টাচার্য টাকা দিয়েছেন - Director Amy Babcock সেটি সম্প্রতি উন্মোচন করেন। Trustee Barbara Bye West Essex Tribune write up লিখেছেন পার্থের সাহায্যে।

পার্থসারথি ভট্টাচার্য

নিউ জার্সির বৈশাখী উৎসব

পশ্চিমবঙ্গসহ ভারতের বিভিন্ন প্রদেশে বৈশাখী মেলা বা উৎসব পালিত হয়। মুঘল সম্রাট আকবের আমলেই বৈশাখীর প্রারম্ভের সূচনার সন্ধান পাওয়া যায়। ১৬ শতাব্দীতে সম্রাট আকবর বাংলা বর্ষপঞ্জীর প্রচলন করেন। এ বাংলা সনের প্রবর্তনের অন্যতম কারণ ছিল সম্রাটের কোষাগারে কর গ্রহণ প্রক্রিয়ার সহজীকরন ও শৃঙ্খলা স্থাপন, অপর কারণ ছিল কৃষিকর্মের সঠিক পরিকল্পনা করা। বাংলা নববর্ষের শুরুতে চাষের বীজ বপন করা এবং আগামী মরশুমে শষ্যাদির ফসল সংগ্রহ করা। ক্রমশঃ বাংলা নববর্ষ বাঙালীর জীবন যাত্রায় বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে সার্বিক ঐক্য স্থাপন এবং আনন্দমুখর উৎসবের সূচনা করতে থাকে। বৈশাখী উৎসব হতাশা থেকে আশা এবং অন্ধকার থেকে আলোরপথের দিশা দেখায়।

মঙ্গল শোভাযাত্রা "বৈশাখী" পালনের একটি বিশেষ অঙ্গ। পৃথিবীর বিভিন্ন দেশে বাঙালিরা এ উৎসব পালন করে থাকে। নিউজার্সির "Indian Community Center সংক্ষেপে ICC" গত ১১ই মে বৈশাখী উৎসবের আয়োজন করেছিল St. Andrew Greek Orthodox Church এর হলটিতে। প্রায় দেড়শত লোকের সমাবেশ হয়েছিল এ অনুষ্ঠানে অংশ গ্রহণ করতে। বেশীরভাগ পুরুষের পরিধানে ছিল ধুতি বা পাজামা পাঞ্জাবী আর মহিলাদের পরিধানে ছিল শাড়ী ব্লাউজ আর নানা রকম গহনার সৌন্দর্যের ঝিলিক। অনুষ্ঠানের শুরুতে আই সি সির সভাপতি শ্রী নিলয় হাইট তাঁর সংক্ষিপ্ত ভাষণে সকলকে শুভেচ্ছা জানিয়ে বৈশাখী উৎসবের সূচনা করেন। তারপর আই সি সি র সাংস্কৃতিক সম্পাদক অর্পিতা গুপ্ত সকলকে অভিনন্দন জানিয়ে বলেন, আই সি সি স্থানীয় শিল্পীদের নিয়ে একটি সুন্দর অনুষ্ঠান করতে চলেছে, আশা করি আপনাদের সকলের এ অনুষ্ঠান ভালো লাগবে, বিশেষ করে ছোট্ট শিশুদের গান ও নাচ। দর্শকগণ অতি আগ্রহের সাথে তাদের খুদে শিল্পীদের জন্য অপেক্ষা করছিল।

দর্শকের আসনে আমিও বসে অপেক্ষা করছিলাম। হঠাৎ দেখলাম আট-দশ জন ছোট্ট ছেলে মেয়ে বিভিন্ন সাজে দর্শকদের মধ্যে ঘুরে বেড়াচ্ছে, ওদের পোষাক দেখে আমি আবাক হয়ে গেলাম, কারণ এর আগে আমি এমন কখনও দেখিনি। কেউ সেজেছে পরী, কেউ সেজেছে গায়ক, আর বাকীদের সাজ আজ আমার আর মনে নেই, কিন্তু এটা মনে আছে ওদের প্রত্যেককেই অতি অসাধারণ ও অনন্য মনে হচ্ছিল। হঠাৎ আমাদের সকলের প্রিয় অর্ণব চক্রবর্তী ঘোষণা করে জানাল, এসব ছোট্ট শিশুরা "Go As You Like"-এ অংশগ্রহণ করছে। আরো ভাল লাগল যে কর্তৃপক্ষ প্রতিটি শিশুকেই পুষ্পস্তবক দিয়ে অভিনন্দন জানিয়েছেন। এরপর শুরু হল অন্য শিল্পীদের অনুষ্ঠান। আই সি সি র "অনন্ত প্রেমে"র রূপকার ছিলেন অনসূয়া ও প্রত্যুষা, আর এ "প্রেমের" ভাষ্যকার ছিলেন প্রসুন। আমরা সকলেই অতি আগ্রহ নিয়ে উপভোগ করেছি। "মিউজিক্যালি ইউর্স"-এর সৌরভ ঘোষ রায় তাঁর গান ও সুরের মূর্চ্ছনা দিয়ে সকলকে মগ্ন করে দিয়েছেন। তাঁর সাথে কি-বোর্ডে ছিলেন দেবরাজ দত্তগুপ্ত। আর সাথে ছিলেন বিজ্ঞানী কুণাল তথা ড্রামার সাথে ব্যাংকার সৌরভ অর্থাৎ গায়ক সৌরভ। ওদের অনুষ্ঠান দেখে মনে হয়েছে ওরা সকলেই বিদগ্ধ সঙ্গীতশিল্পী। সুরশ্রীর সুরে সুরে বর্ষবরণ সঙ্গীতের অনুষ্ঠান পরিচালনা করেছেন অনিন্দিতা সরকার ভৌমিক। গীত নির্বাচন এবং গীতশিল্পীদের কুশলী কণ্ঠের সঙ্গীত সকল শ্রোতাদের মুগ্ধ করেছে। "মিউজিকোলজী" গ্রুপের কথা না বললেই নয়। মনে হ'ল এরা সকলেই প্রতিটি যন্ত্রে অতি নিপুন, ফিমেল লীড সিঙ্গার রেশমি গোস্বামী ও মেল লীড সিঙ্গার তীর্থঙ্কর, দুজনেই অতি দক্ষ, ওদের কণ্ঠের যাদু সকলকেই মোহিত করেছে। প্রলয়, সব্যসাচী ও বিহানের ড্রাম ওদের সঙ্গীতকে অন্য উচ্চ মাত্রায় পৌঁছে দিয়েছিল। "Rythmzzdivine" প্রতিষ্ঠাতা দেবলীনার নেতৃত্বে নৃত্যের অনুষ্ঠান নৃত্যের ছন্দে ছন্দে তালে তালে ওদের সকল দর্শকদের মুগ্ধ করেছে। এত গান বাজনার মধ্যে কর্তৃপক্ষ "মাতৃ দিবসের" কথা একটুও ভুলে যাননি। সঞ্চালক সি এ বি-র চেয়ারম্যান দিলীপ চক্রবর্তীকে মাতৃদিবস নিয়ে কিছু বলতে বলেন। সকল উপস্থিত মায়েদের প্রণাম ও শুভেচ্ছা জানিয়ে দিলীপবাবু শুরু করেন, মাতৃদিবস প্রথম শুরু হয় ১৯০৭ সনের ১২ই মে যখন ফিলাডেফিয়ার Anna Jarvis তাঁর মার জন্য একটি স্মরণসভা করেন। ১৯০৮ সালে তিনিই প্রথম মাতৃদিবস পালনের প্রতিষ্ঠা করেন। তারপর থেকে প্রতি বছর মে মাসের দ্বিতীয় রবিবারে মাতৃদিবস পালিত

সংবাদ বিচিত্রায় লেখা পাঠানোর নিয়মাবলী

যে কোনো একটি বিভাগে একবারে একটিই লেখা পাঠাবেন।

লেখা পাঠানোর ইমেল

cabsangbadbichitraeditors@gmail.com

১) কবিতা পাঠাবেন একটি ১২-২০ লাইনের মধ্যে।

২) অনু কবিতা পাঠাবেন একটি ৬-৮ লাইনের মধ্যে।

৩) অনুগল্প পাঠাবেন ২৫০-৫০০ শব্দের মধ্যে।

৪) গল্পটিকে ন্যুনতম ১২০০ এবং সর্বোচ্চ ১৫০০ শব্দের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

৫) সাহিত্য, বিজ্ঞান ও সমাজ সম্পর্কিত প্রবন্ধ / নিবন্ধ পাঠাবেন ৫০০ (নিবন্ধ) থেকে ১০০০ (প্রবন্ধ) শব্দের মধ্যে।

৬) শিল্প, সংস্কৃতি বিষয়ক কমিউনিটি নিউজ পাঠাবেন ১০০-৫০০ শব্দের মধ্যে। আপনার কমিউনিটির পরবর্তী প্রজন্মের যে কোনও বিষয়ে সাফল্যের খবর দেওয়া যাবে।

৭) লেখাটি অভ্রতে টাইপ করে একটি .docx ফাইলে পাঠান। হাতে লিখে, pdf করে, ছবি তুলে পাঠালে গৃহীত হবে না।

৮) লেখাগুলিকে অবশ্যই যে কোন মাধ্যমে অপ্রকাশিত ও মৌলিক হতে হবে।

৯) বানান ও যতিচিহ্নের ব্যবহারে লেখকদের সতর্ক থাকতে হবে।

১০) লেখায় সরাসরি যে কোন রাজনৈতিক দল, ধর্ম, জাতি, জনজাতির উল্লেখ থাকলে বা কোনো বিতর্কমূলক লেখা অথবা ব্যক্তিবিশেষের নাম করে বা ইঙ্গিত করে সম্মানহানির প্রয়াস থাকলে সেটি বিবেচিত হবে না।

মনে রাখবেন নিয়মাবলী মেনে লেখা না পাঠালে বা শব্দসংখ্যা বেশি থাকলে লেখা প্রকাশ সম্ভব নয় কারণ মাত্র ১৬ পাতার পত্রিকা এটি। এটি বিশেষত সংবাদ পত্রিকা তাই কমিউনিটি নিউজ প্রকাশ আমাদের প্রধান লক্ষ্য। বাঙলার শিল্প-সংস্কৃতির প্রচার-প্রসারের সাথে যুক্ত যে কোনও সংস্থার সংবাদ আমরা প্রকাশ করব। আপনারা আপনাদের সংস্থার কর্মকান্ডের সংবাদ পাঠান, সম্পাদকমন্ডলী দ্বারা বিবেচিত হলে আমরা সেইটি ছাপব।

আপনাদের মতামত আমাদের কাছে গুরুত্বপূর্ণ

সংবাদ বিচিত্রা পত্রিকাটি বিষয় ভিত্তিক এবং আঙ্গিক ভিত্তিক পর্যালোচনা করে আপনাদের কেমন লাগছে ইমেলে জানান। যদি কোথাও পরিবর্তন বা উন্নতিসাধন করতে হয় সংক্ষেপে দু-চার লাইনে ইমেল করে কারণ সহ জানাবেন আমরা আপনার গুরুত্বপূর্ণ মতামত পরবর্তী সংখ্যায় প্রকাশ করব।

cabsangbadbichitraeditors@gmail.com

হয়। দিলীপবাবু মায়েদের উদ্দেশ্যে "ইতি-মা" বলে স্বরচিত একটি কবিতা পাঠ করেন। তাঁর দ্বিতীয় কবিতা ছিল "আমরা হাঁটছি"। তাঁর স্বরচিত কবিতা দুটি শ্রোতাদের প্রশংসা অর্জন করেছে। উত্তর আমেরিকায় সুলেখক হিসেবে অনেকের কাছেই দিলীপবাবু সুপরিচিত। তারপর "কথায় কবিতায়" গানের স্কুলের চারজন শিশু ছাত্রী কবিতা আবৃত্তি করে শোনান। আমেরিকায় ইংরেজী মাধ্যমে পড়াশুনা করা সত্ত্বেও ওদের বাংলা সঠিক উচ্চারনের স্বচ্ছতা ও স্পষ্টতা প্রশংসার দাবী রাখে। ওরা তিনজন ঐশানী চক্রবর্ত্তী, জয়েতিক সাধুখাঁ ও সুভদ্রা সাধুখাঁ খুব সুন্দর আবৃত্তি উপহার দিয়েছে। প্রশংসা প্রাপ্য "কথায় কবিতায়"-এর কর্ণধার শিক্ষিকা বিদিতা চক্রবর্ত্তীরও। শিশু শিল্পী রিয়াংশু ঘোষ রায় এবং অর্চস্মিত চৌধুরী "বড় আশা করে..." গেয়ে শ্রোতাদের মন কেড়ে নিয়েছে। অত্যন্ত সাফল্যের সাথে সকল অনুষ্ঠানের পরিচালনা করেছেন শুদ্ধসত্ব আচার্য এবং অবন্তিকা মুখার্জী। আরেকটি কথা না বললেই নয়, প্রতিটি শিল্পীকেই পুস্পস্তবক উপহার দেওয়া হয় আই সি সির পক্ষ থেকে। আর দর্শকদের অভিনন্দন ও শুভেচ্ছা শিল্পীরা নিজেরাই অর্জন করেছেন। সত্যি বলতে কি এমন "এমেচার" শিল্পীদের মনোজ্ঞ অনুষ্ঠান প্রত্যক্ষ করে সকল দর্শক অত্যন্ত খুশি হয়েছেন। আর দু-একটা কথা না বললে "বৈশাখী উৎসবের" প্রতি অবিচার করা হবে। আই সি সির নতুন "দুর্গা (লক্ষী ও সরস্বতীসহ) প্রতিমার" ক্রয়মূল্য উপহার দিলেন আই সি সি-র সদস্য শ্রীমতী স্নিগ্ধা চক্রবর্ত্তী। আই সি সি সর্বদা সমবেত দর্শকদের জন্য সুস্বাদু আহারের ব্যবস্থা করে থাকে, এবারেও তার ব্যতিক্রম হয়নি। সিঙ্গারা, জিলাপি মুড়ি ইত্যাদি ছিল স্ন্যাকসের মেনুতে আর ডিনারে ছিল জিহ্বালেহনকারী পোলাও, এঁচোরের ডালনা, চাটনি ও কমলাভোগ। এত রকম মনমাতানো অনুষ্ঠানের মধ্যেও আই সি সি র হয়ে বলরাম মল্লিকের দেওয়া দরিদ্রদের জন্য নানারকম মশলা ও হজমীগুলি একাগ্রচিত্তে বিক্রী করে অর্থ সংগ্রহ করেছেন আমাদের সকলের প্রিয় সদাহাস্যময় দেবল গুপ্ত। রাতের আহারের পর দর্শকবৃন্দ একে অপরের সাথে সৌজন্য বিনিময় করে ২০২৪-এর "বৈশাখী" উৎসবকে বিদায়জ্ঞাপন করে নিজের নিজের গন্তব্যস্থানের দিকে রওয়ানা হন। শেষ হয় ২০২৪-এর বৈশাখী উৎসব।

দিলীপ চক্রবর্ত্তী

Advertisement Rates for Sangbad Bichitra - 2023

(Color – Back Page)		1 Issue	1/2 Yearly	Yearly
Full Page	(14 x10 inch)	$250	$1,500	$2,500
1/2 Page	(10 x 7 inch)	$150	$750	$1,250
1/4 Page	(5 x 4 inch)	$100	$500	$1,000
1/8 Page	(5 x 2 inch)	$50	$250	$500

(Color – Inside)		1 Issue	1/2 Yearly	Yearly
Full Page	(14 x10 inch)	$150	$1,000	$2,000
1/2 Page	(10 x 7 inch)	$100	$500	$1,000
1/4 Page	(5 x 4 inch)	$75	$250	$500
1/8 Page	(5 x 2 inch)	$35	$150	$300

- ❋ Minimum three (3) issues.
- ❋ Payment is required in advance.
- ❋ Make check payable to : CAB
- ❋ Mail to :
  Cultural Association of Bengal
- ❋ Address :
  346 Yale Road, Garden City,
  NY 11530, USA
- ❋ Zelle to : 516-965-5277

Editorial Committee
Sudipta Chattopadhyay
Lipika Mukhopadhyay

Board of Trustees 2023

Dilip Chakrabarti	Chairperson
Abhik Dasgupta	Member
Ashis Sengupta	Member
Ashok Rakhit	Member
Gopendu Chakrabarti	Member
Kallol Chattopadhyay	Member
Milan Awon	Member
Pranab Das	Member
Sugata Bagchi	Member
Surajit Sengupta	Member

Executive Committee 2023

Ranadeb Sarkar	President
Tapas Sanyal	Vice President
Arpita Gupta	Vice President
Dipayan Sarkar	Vice President
Partha Sarathi Chakrabarty	General Secretary
Indrashish Basu Roychoudhury	Assistant Secretary
Debiprosad Palit	Treasurer
Sudipta Chattopadhyay	Member
Dipankar Chattopadhyay	Member
Lipika Mukhopadhyay	Co-Opt Member
Amitabha Choudhury	Co-Opt Member
Amit Ganguly	Co-Opt Member
Pradip Gupta	Co-Opt Member
Hasanuzzaman Saki	Member
Piya Roy	Member

Published by
Rupa Majumdar, RAUNAQ PUBLICATION